# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 02, 1431 Bangla, April 15, 2024, Monday, No. 106, 54th year

# H I G H L I G H T S

Bangla New Year was celebrated in country with joy & good wishes for the world. US President Joe Biden & First Lady Jill Biden have greeted Bengali community marking Bengali New Year. (VOA: 05; 06)

AL GS says, BNP is inherently pro-Pakistan. Pakistan remains deep in their heart. BNP can't tolerate Bangalees' culture as the party is the real source of communalism and also patrons of the militancy. (R. Today: 09)

Foreign Minister has called upon the countries who are supposed to play a role to take "effective" measures in de-escalating Iran-Israel tensions and stop Israeli aggression in Gaza. (Jago FM: 10)

BNP SG claims 60 lakh activists have been made accused. Their crime, they do the opposition. Adds, Awami League is no longer a political party. The party is bankrupt. (Jago FM: 11)

Somali pirates finally released the hijacked Bangladeshi ship, MV Abdullah and its 23 crew early on Sunday after $5 million, about 54 crore 74 lakh taka, ransom was paid. (Jago FM: 15)

Nine members of Myanmar's Border Guard Police (BGP) once again have fled into Bangladesh through Cox's Bazar's Teknaf border at Jhimangkhali and Kharangkhali. (R. Today: 09)

To bring order in rice market, govt. has made it mandatory for rice millers to display name, location, production date, price & variety prominently on all rice sacks from Pahela Boishakh. But rice millers are not yet ready to implement this decision. (Jago FM: 13)

Festival-based economy in BD is growing day by day. People spend more than before on various types of festivals. But the festival-centric rural economy is weakening. So, inequality is increasing. (DW: 08)

Meteorological Department says, a mild to moderate heat wave is sweeping over Nilphamari, Netrakona district along with Rajshahi, Dhaka, Khulna, Barisal, Chittagong & Sylhet divisions from Saturday & this heat wave may spread further. (R. Today: 10)

Only 3 universities in BD have been ranked among top 1,000 universities in world by Quacquarelli Symonds, a UK-based education research organization. On other hand, 45 universities in India & 14 universities in Pakistan have made it. (R. Today: 10)

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০২, বাংলা ১৪৩১, এপ্রিল ১৫, ২০২৪, সোমবার, নং-১০৬, ৫৪তম বছর**

# শিরোনাম

আনন্দ উল্লাস আর বিশ্ব মানবের মঙ্গল কামনার মধ্য দিয়ে বাংলাদেশে উদযাপিত হলো বাংলা নববর্ষ। আসন্ন নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও ফার্স্ট লেডি জিল বাইডেন। (ভোয়া: ০৫; ০৬)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, বিএনপি'র চেতনা ও হৃদয়ে পাকিস্তান। তারা বাঙালি সংস্কৃতিকে সহ্য করতে পারে না। বিএনপি এ দেশের সাম্প্রদায়িকতার বিশ্বস্ত ঠিকানা, জঙ্গিবাদের পৃষ্ঠপোষক। (রে. টুডে: ০৯)

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ চায়, ইরান-ইসরায়েল উত্তেজনা নিরসনে যেসব রাষ্ট্রের ভূমিকা রাখার কথা তারা কার্যকর ভূমিকা নেয় এবং গাজায় ইসরায়েলি হত্যাযজ্ঞ বন্ধ হোক। (জাগো এফএম: ১০)

বিএনপি মহাসচিব বলেন, ৬০ লাখ নেতাকর্মীকে আসামি করা হয়েছে। অপরাধ, তারা বিরোধী দল করে। আওয়ামী লীগ আর রাজনৈতিক দল নাই। এটা দেউলিয়া হয়ে গেছে। (জাগো এফএম: ১১)

বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ এবং এর ২৩ নাবিককে অবশেষে মুক্তি দিয়েছে সোমালিয়ার জলদস্যুরা। তবে এর জন্য তাদের ৫০ লাখ মার্কিন ডলার মুক্তিপণ দিতে হয়েছে। বাংলাদেশি মুদ্রায় প্রায় ৫৪ কোটি ৭৪ লাখ টাকা। (জাগো এফএম: ১৫)

কক্সবাজারের টেকনাফের হোয়াইক্যংয়ের খারাংখালী সীমান্ত এলাকা দিয়ে আবারও মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর বিজিপির ৯ জন সদস্য আশ্রয়ের জন্য বাংলাদেশে অনুপ্রবেশ করে। (রেডিও টুডে: ০৯)

চালের বাজারে শৃঙ্খলা আনতে পহেলা বৈশাখ থেকে চালের বস্তায় ধানের জাত, দাম, প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ লেখার নির্দেশনা কার্যকরের তারিখ ঘোষণা করেছে সরকার। কিন্তু এ সিদ্ধান্ত বাস্তবায়নে এখনও প্রস্তুত নন চালকল মালিকরা। (জাগো এফএম: ১৩)

বাংলাদেশে উৎসব কেন্দ্রিক অর্থনীতি দিন দিন বড় হচ্ছে। নানা ধরনের উৎসবে মানুষ আগের চেয়ে অনেক বেশি টাকা খরচ করেন। তবে উৎসবকেন্দ্রিক গ্রামীণ অর্থনীতি দুর্বল হচ্ছে। একারণে বাড়ছে বৈষম্য। (ডয়চে ভেলে: ০৮)

শনিবার থেকে নীলফামারীর, নেত্রকোনা জেলা সহ রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল চট্টগ্রাম ও সিলেটের বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে। আবহাওয়া অধিদপ্তর জানায় এই তাপপ্রবাহ আরো বিস্তার লাভ করতে পারে। (রেডিও টুডে: ১০)

যুক্তরাজ্য ভিত্তিক শিক্ষা গবেষণা সংস্থা কোয়াক কোয়ারেলি সাইমনডস এর পৃথিবীর শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়ের তালিকায় এক হাজারের মধ্যে স্থান পেয়েছেন বাংলাদেশের তিন বিশ্ববিদ্যালয়। অন্যদিকে, সেরা এক হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে ভারতের ৪৫টি, পাকিস্তানের ১৪ টি বিশ্ববিদ্যালয় জায়গা করে নিয়েছে। (রেডিও টুডে: ১০)

# বিবিসি

## জলদস্যুদের কবল থেকে যেভাবে মুক্তি পেল বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ

ভারত মহাসাগরে সোমালিয়ার জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ মুক্তিপণের অর্থ পাওয়ার পর ছেড়ে দিয়েছে জলদস্যুরা। স্থানীয় সময় শনিবার রাত বারটার দিকে দস্যুরা নেমে যাওয়ার পর ২৩ ক্রুসহ জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের দিকে রওনা হয়েছে জানিয়েছেন জাহাজটির মালিক প্রতিষ্ঠান কেএসআরএম গ্রুপের মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম। জাহাজ ও ক্রুদের মুক্তি নিশ্চিত করতে কত টাকা দিতে হয়েছে তা জানা যায়নি। যদিও এ বিষয়ে রবিবার দুপুরে চট্টগ্রামে কেএসআরএম গ্রুপের পক্ষ থেকে একটি সংবাদ সম্মেলন করার কথা রয়েছে। তবে বাংলাদেশ সরকারের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, মুক্তিপণ দিয়ে নাবিকদের ছাড়িয়ে আনার কোনো তথ্য তাদের জানা নেই। ওদিকে জলদস্যুদের হাত থেকে মুক্তির পর ক্রুরা তাদের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেছেন। জাহাজের চিফ অফিসার আতিকুল্লাহ খানের মা শাহানুর আক্তার বিবিসি বাংলাকে বলেন মি. খানের সঙ্গে তার কথা হয়েছে। গত বারই মার্চ কয়লা নিয়ে আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে দুবাইয়ের দিকে যাওয়ার সময় জলদস্যুদের কবলে পড়ে এমভি আব্দুল্লাহ। জলদস্যুরা নিয়ন্ত্রণে নেওয়ার পর জাহাজটি আফ্রিকার দেশ মোজাম্বিকের কাছাকাছি অবস্থান করছিলো। `গোল্ডেন হক, নামের জাহাজটি কেএসআরএম গ্রুপের বহরে যুক্ত হওয়ার পরে এর নাম দেওয়া হয় `এমভি আবদুল্লাহ,। গত বছর এটি সংগ্রহ করে সাধারণ পণ্য পরিবহন করতে থাকে কেএসআরএম গ্রুপ। জলদস্যুদের কবলে পড়ার পর আলোচনার মাধ্যমে জাহাজ ও নাবিকদের মুক্ত করার চেষ্টার কথা জানিয়েছিলো জাহাজটির মালিক কর্তৃপক্ষ। পরে বিভিন্ন সময় আলোচনায় অগ্রগতির কথাও জানানো হয়েছিল। শেষ পর্যন্ত আলোচনায় মুক্তিপণের পরিমাণ চূড়ান্ত হওয়ার পর শনিবার রাতে মুক্তি পেলো জাহাজ ও এর ক্রুরা। মিজানুল ইসলাম বলছেন, রাত বারটায় জাহাজটি মুক্ত হওয়ার পর দুবাইয়ের উদ্দেশ্যে রওনা দিয়েছে। ৫/৬ দিন পর এটি দুবাইয়ের বন্দরে পৌঁছাবে। সেখান থেকে নাবিকরা কীভাবে আসবে সেটা এখনো সিদ্ধান্ত হয়নি,„ বিবিসি বাংলাকে বলছিলেন তিনি।

উড়োজাহাজ থেকে ডলার ফেলার বর্ণনা পরিবারের স্বজনদের জানিয়েছেন জাহাজে জলদস্যুদের হাতে জিম্মি থাকা বাংলাদেশি নাবিকরা। জানা গেছে মালিকপক্ষের সাথে আলোচনার পর মুক্তিপণের জন্য নির্ধারিত ডলার ভর্তি ব্যাগ ছোট উড়োজাহাজ থেকে দস্যুদের নিয়ন্ত্রণে থাকা এমভি আব্দুল্লাহ জাহাজটির আশেপাশে স্পিডবোটে অপেক্ষারত দস্যুদের লক্ষ্য করে ছোড়া হয়। ডলার ভর্তি ব্যাগ পাওয়ার কয়েক ঘণ্টা পর জাহাজে অবস্থানরত দস্যুরা জাহাজ ছেড়ে চলে যায়। এরপর জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশ্যে রওনা দেয়। তবে বাংলাদেশ সরকারের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী রোববার একটি সংবাদ সম্মেলনে বলেছেন, জিম্মি নাবিকদের মুক্ত করতে মুক্তিপণ দেয়ার কোনো তথ্য সরকারের কাছে নেই। "প্রথম থেকেই আমরা মুক্তিপণের কথা শুনছি, কিন্তু এটার সঙ্গে আমাদের কোনো ইনভলভমেন্ট নেই। এই ধরনের তথ্য আমাদের কাছে নেই যে, টাকা দিয়ে তাদের ছাড়িয়ে আনা হয়েছে।" বহুদিন ধরে আলাপ-আলোচনা ও বিভিন্ন ধরনের চাপের মাধ্যমে তাদের মুক্ত করা হয়েছে বলে তিনি জানান। কয়লাবাহী এমভি আবদুল্লাহ আফ্রিকার মোজাম্বিক থেকে সংযুক্ত আরব আমিরাতে যাচ্ছিল। ভারত মহাসাগর দিয়ে যাওয়ার সময় বারই মার্চ দুপুরের দিকে হঠাৎই ছোট ছোট বোট নিয়ে জাহাজের দিকে চলে আসে সোমালিয়ান জলদস্যুরা। ঐ জাহাজে থাকা একজন ক্রু ঘটনার সময় একটি ভিডিও ধারণ করেন। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার অ্যাসোসিয়েশন সেই ভিডিও দিয়েছিল বিবিসি বাংলার কাছে। ওই ভিডিওতে দেখা যায় ছোট ছোট নৌকায় করে জাহাজটিতে ওঠার চেষ্টা করে জলদস্যুরা এবং এ সময় তাদের হাতে বন্দুক ছিল। জাহাজে ওঠার পরই সবাইকে জিম্মি করে ফেলে জলদস্যুরা। জলদস্যুরা জাহাজের নিয়ন্ত্রণ নেওয়ার পরই হোয়াটসঅ্যাপে মেসেজের মাধ্যমে মালিক প্রতিষ্ঠানকে একটি বার্তা পাঠায় জাহাজের একজন নাবিক। যাতে বলা হয়, "জলদস্যুরা জাহাজ দখল করে নিয়েছে। আমাদের নাবিকেরা আটকা পড়েছেন। আমরা বিস্তারিত জানার চেষ্টা করছি।" গভীর সমুদ্রে পণ্যবাহী জাহাজগুলো কীভাবে জলদস্যুদের কবলে পড়ে তা নিয়ে বিবিসি কথা বলেছে বিশেষজ্ঞ ও জাহাজের দুজন সাবেক ক্যাপ্টেনের সাথে। তারা বলছেন, পণ্য বোঝাই থাকায় জাহাজগুলো সাধারণত ধীরে চলে আন্তর্জাতিক নৌ রুটে। এমভি আব্দুল্লাহর মতো আকারের জাহাজগুলোতে ৩০ থেকে ৪০ টন পণ্য বোঝাই থাকে। বেশি পণ্য বোঝাই থাকায় বেশির ভাগ জাহাজের গতি থাকে ১৮ থেকে ২০ নটিক্যাল মাইল। এ কারণেই গতি থাকে কম। জলদস্যুরা যখন কোনো জাহাজকে টার্গেট করে তখন তারা ছোট ছোট বোটে অস্ত্র নিয়ে তিন থেকে চারদিক থেকে আক্রমণ করে। তিন চারদিক থেকে যখন আক্রমণ করে তখন সামাল দেয়া কঠিন হয়ে যায়। সোমালিয়ান জলদস্যুর হাতে মঙ্গলবার জিম্মি হওয়া জাহাজটির বেলায়ও তাই দেখা গেছে। সাধারণত জলদস্যুরা জাহাজটিতে ওঠার পরই কমিউনিকেশনের সব পথগুলো তারা বন্ধ করে দেয়। এরপর ডাকাতি শুরু করে। যাদের কাছে টাকা পয়সা আছে, অন্য দামি জিনিসপত্র যা আছে সেগুলো নিয়ে নেয়। মোবাইল নিয়ে নেয়। টোটাল কমিউনিকেশন অফ করে দেয় বহির্বিশ্বের সাথে। জাহাজের সাবেক ক্যাপ্টেন ও

বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন জাহাজে থাকা ক্রুদের সাহায্যে এই জলদস্যুরা তাদের নিয়ন্ত্রিত এরিয়ার কাছাকাছি যে কোনো একটি পোর্টে নিয়ে যায়। "সেখানে নোঙ্গর করে দুয়েকদিন পর গিয়ে তারা মুক্তিপণ দাবি করে। এই মুক্তিপণ দাবি করা হয় মালিক কোম্পানির কাছে", জানান ক্যাপ্টেন আনাম চৌধুরী। (বিবিসি ওয়েব পেজ:১৪.০৪.২০২৪ রিহাব)

## ভয়েস অফ আমেরিকা

### ইরান-ইসরাইল উত্তেজনা নিরসন ও গাজায় হত্যাযজ্ঞ বন্ধ চায় বাংলাদেশ

ইরান ও ইসরাইলের মধ্যে চলমান উত্তেজনা নিরসন এবং গাজায় হত্যাযজ্ঞ বন্ধ চায় বাংলাদেশ। রবিবার (১৪ই এপ্রিল) সন্ধ্যায়, রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সাংবাদিকদের সঙ্গে মতবিনিয়মকালে এ কথা জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। "বাংলাদেশ যুদ্ধ নয়, শান্তির পক্ষে এবং আমরা চাই, ইরান-ইসরাইল উত্তেজনা নিরসনে যে সব রাষ্ট্রের ভূমিকা রাখার কথা, তারা কার্যকর ভূমিকা নিক এবং গাজায় ইসরাইলি হত্যাযজ্ঞ বন্ধ হোক;„ যোগ করেন হাছান মাহমুদ। সম্প্রতি সিরিয়ার দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলা হয়। এর, বদলা হিসেবে শনিবার তেল আবিব, পশ্চিম জেরুজালেমসহ ইসরাইল জুড়ে ইরানের ক্ষেপণাস্ত্র নিক্ষেপের ঘটনা প্রসঙ্গে পররাষ্ট্রমন্ত্রীর মত জানতে চান সাংবাদিকরা। জবাবে ড. হাছান বলেন, "ইসরাইল সিরিয়ায় ইরানি দূতাবাসে হামলা করায় ইরান এ আক্রমণের সুযোগ পেয়েছে। অন্যথায় এটি হতো না, ইরান পাল্টা ব্যবস্থা নিয়েছে; ইরানের বক্তব্য তাই।„ তিনি আরো বলেন, যেসব রাষ্ট্রের ভূমিকা রাখার কথা, তারা ইরান-ইসরায়েল উত্তেজনা নিরসনে এবং গাজায় যে নির্বিচারে মানুষ হত্যা চলছে, অবিলম্বে সেই হত্যাযজ্ঞ বন্ধে কার্যকর ব্যবস্থা নেবে বলে প্রত্যাশা করে বাংলাদেশ। "আমরা কখনোই যুদ্ধ-বিগ্রহের পক্ষে নই, আমরা শান্তির পক্ষে;„ বলেন বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ।
(ভোয়া ওয়েব পেজ : ১৫.০৪.২০২৪ নারগীস)

### জলদস্যুদের কবল থেকে মুক্তি পেয়েছে ২৩ নাবিকসহ এমভি আব্দুল্লাহ

সোমালিয়ার জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ এবং জাহাজের ২৩ নাবিক মুক্তি পেয়েছেন। রবিবার (১৪ই এপ্রিল) ভোর পৌনে ৪টায় তথ্য নিশ্চিত করেছেন জাহাজের মালিকপক্ষ কেএসআরএম-এর মিডিয়া অ্যাডভাইজর মিজানুল ইসলাম। মিজানুল ইসলাম বলেন, "কিছুক্ষণ আগে আমরা এই সুসংবাদ পেয়েছি। ২৩ নাবিকসহ আমাদের জাহাজটি ছেড়ে দেয়া হয়েছে। সকল নাবিক অক্ষত এবং সুস্থ আছেন, তাদের অক্ষত অবস্থায় আমরা ফেরত পাচ্ছি।„ জলদস্যুদের কত টাকা মুক্তিপণ দেয়া হয়েছে, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "এই মুহূর্তে তা বলতে পারছি না। তবে তাদের সঙ্গে সমঝোতার মাধ্যমে জাহাজ ও নাবিকদের আমরা ফিরিয়ে আনতে পারছি।„ তবে, সোমালিয়ার একটি সংবাদ মাধ্যম জানিয়েছে, ৫০ লাখ ডলার দিয়ে ছাড়া পেয়েছে এমভি আব্দুল্লাহ। জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের দিকে রওনা হয়েছে বলে জানিয়েছে কেএসআরএম গ্রুপ। প্রতিষ্ঠানটির উপব্যবস্থাপনা পরিচালক শাহরিয়ার জাহান রাহাত রবিবার ভোরে গণমাধ্যমকে জানান, "জিম্মিরা মুক্ত হওয়ার পর জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের উদ্দেশে রওনা হয়েছে।„ সোমালিয়ার জলদস্যুদের হাতে ১৩ বছর আগে জাহাজ জিম্মি হওয়া এবং উদ্ধারের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে জলদস্যুদের সঙ্গে সমঝোতার মাধ্যমে, এমভি আব্দুল্লাহ ও ২৩ নাবিককে সুস্থভাবে মুক্ত করা হয়েছে বলে দাবি করেছে কেএসআরএম গ্রুপ। রবিবার (১৪ই এপ্রিল) দুপুর ১২টার দিকে চট্টগ্রাম নগরের আগ্রাবাদ এলাকায় অবস্থিত প্রতিষ্ঠানের কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে, কেএসআরএম গ্রুপের প্রধান নির্বাহী কর্মকর্তা মেহেরুল করীম এ দাবি করেন। তিনি বলেন, "আমাদের আরেকটি জাহাজ `জাহান মনি, জিম্মি হয়েছিল। তখন, আমাদের অভিজ্ঞতা না থাকার কারণে জাহাজটি মুক্ত করতে সময় লেগেছিল। ওই সময়ের অভিজ্ঞতা কাজে লাগিয়ে এবার আমরা দ্রুত এমভি আবদুল্লাহ মুক্ত করতে পেরেছি।„ "জাহাজের সব নাবিক ও ক্রু সুস্থ আছেন। কারো কোনো ক্ষতি হয়নি;„ জানান মেহেরুল করীম। তবে, মুক্তিপণের বিষয়ে জানতে চাইলে মেহেরুল করীম সাংবাদিকদের কাছে ক্ষমা প্রার্থণা করেন এবং এবিষয়ে কিছু জানাতে অপারগতা প্রকাশ করেন। শনিবার (১৩ই এপ্রিল) দিবাগত রাত ১২টার দিকে ২৩ নাবিকসহ জাহাজটি সোমালিয়ার জলদস্যুরা ছেড়ে দিয়েছে বলে জানান তিনি। পরে, রবিবার ভোর পৌনে ৪টার বাংলাদেশের গণমাধ্যমকে জাহাজ মুক্তি পাওয়ার তথ্য নিশ্চিত করেন তারা। জাহাজ মুক্ত করার প্রক্রিয়া সম্পর্কে মেহেরুল করীম বলেন, জিম্মি হওয়ার পর থেকে প্রতিনিয়ত জাহাজের পজিশন ট্র্যাক করা হতো। এছাড়া এর চলাচল পথও সার্বক্ষণিক নজরদারিতে ছিল। "জাহাজ জিম্মি করার কয়েকদিন পর জলদস্যুদের একজন, যিনি ইংরেজিতে কথা বলতে পারেন, তিনি আমাদের সঙ্গে যোগাযোগ শুরু করেন। এরপর সব আন্তর্জাতিক প্রোটোকল মেনে আমাদের দিক থেকে যোগাযোগ শুরু করি। এভাবে মাসখানেকের যোগাযোগের পর, মুক্ত হয় এমভি আবদুল্লাহ;„ বলেন মেহেরুল করীম। তিনি আরো বলেন, "দুদিন আগে আমরা আমাদের জাহাজের প্রতিটি ক্রু-নাবিকের ভিডিও নিয়ে তাদের সুস্থতা নিশ্চিত করি। প্রতিটি নিয়ম মেনে কাজ করা হয়েছে। জাহাজে ৬৫ জন জলদস্যু ছিল। শনিবার দিবাগত রাত ৩টার দিকে জাহাজের ক্যাপ্টেন আমাকে জানান জলদস্যুরা জাহাজ থেকে স্পিডবোটে করে নেমে গেছে।

মুক্তিপণের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ”ক্ষমা চাচ্ছি। কোনো মুক্তিপণের বিষয়ে আমি আপনাদের কিছু বলতে পারব না। সবার সঙ্গে আমাদের এই বিষয় নিয়ে এগ্রিমেন্ট হয়েছে। আমি এগ্রিমেন্টের বাইরে যেতে পারব না।„ সংবাদ সম্মেলনে কেএসআরএম গ্রুপের উপ-ব্যবস্থাপনা পরিচালক শাহরিয়ার জাহান রাহাত বলেন, ”কিছু বিষয় আমাদের গোপন রাখতে হবে। আমরা জলদস্যুতাকে প্রোমট করতে পারি না।„ শাহরিয়ার জাহান রাহাত জানান যে ১৯ বা ২০ই এপ্রিল এমভি আবদুল্লাহ দুবাই পৌঁছাবে। এরপর নাবিক-ক্রুরা ফ্লাইটে বা জাহাজে করে বাংলাদেশে ফিরে আসবে। ”নাবিক ও ক্রুদের সঙ্গে কথা বলেই ঠিক করা হবে তারা কীভাবে দেশে আসবেন„ বলেন শাহরিয়ার জাহান রাহাত।

বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী বলেছেন, আন্তর্জাতিক চাপ ও আলোচনার মাধ্যমে সোমালিয়ার জলদস্যুদের হাত থেকে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও এর ২৩ নাবিক মুক্ত হয়েছেন। রবিবার (১৪ই এপ্রিল) রাজধানীর তার বাসভবনে সাংবাদিকদের এ কথা বলেন খালিদ মাহমুদ চৌধুরী। তিনি আরো বলেন যে, জলদস্যুদের মুক্তিপণ দেয়ার বিষয়ে কোনো তথ্য তার জানা নেই। ”টাকা-পয়সা কিংবা মুক্তিপণের সঙ্গে আমাদের কোনো যোগসূত্র নেই। টাকা দিয়ে জাহাজ ছাড়িয়ে আনা হয়েছে, এমন কোনো তথ্য আমাদের কাছে নেই। অনেকেই বিভিন্ন ধরনের ছবি দেখাচ্ছেন; এ সব ছবির কোনো সত্যতা নেই। ছবিগুলো কোথা থেকে আসছে, কীভাবে আসছে, তা আমরা জানি না; বললেন প্রতিমন্ত্রী খালেদ। তিনি আরো বলেন, যা হয়েছে, ডিপার্টমেন্ট অফ শিপিং, আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা, ইউরোপিয়ান নেভাল ফোর্স, ভারতীয় নৌবাহিনী, সোমালিয়ার পুলিশের সহযোগিতায় হয়েছে। ”আমি সোমালিয়া পোর্টল্যান্ড পুলিশকে ধন্যবাদ দিতে চাই, তারা সার্বক্ষণিকভাবে আমাদের সহযোগিতা করেছে। আন্তর্জাতিক মেরিটাইম সংস্থার যে উইংগুলো রয়েছে, তারা আমাদেরকে খুবই সহায়তা করেছে;„ আরো বলেন বাংলাদেশের নৌপরিবহন প্রতিমন্ত্রী। মুক্তিপণের বিষয়ে তিনি বলেন, ”আমরা তাদের সঙ্গে নেগোসিয়েশন করেছি দীর্ঘদিন। এখানে মুক্তিপণের কোনো বিষয় নেই। আমাদের আলাপ-আলোচনা এবং বিভিন্ন ধরনের চাপ আছে। সেই চাপগুলো এখানে কাজ করেছে। খালিদ মাহমুদ বলেন, জলদস্যুরা একেবারে সর্বশক্তিমান, ব্যাপারটা তো এমন নয়। তারা ভীষণ চাপের মধ্যে ছিল, সোমালিয়ান পুলিশের বিরাট একটা ভূমিকা ছিল। জলদস্যুদের কারণে একটি দেশের ইমেজ নষ্ট হচ্ছে, এটা সোমালিয়ান পুলিশ উপলব্ধি করছে। সেই উপলব্ধি থেকে তারা খুবই সজাগ ছিল এবং জলদস্যুদের নিয়ন্ত্রণে নেয়ার জন্য তারা খুবই তৎপর ছিল। তিনি আরো জানান, পরিস্থিতি একটা চরম পর্যায়ে গিয়েছিল। সে কারণে জলদস্যুরা জাহাজ থেকে নেমে গেছে। তারা যখন জাহাজ নিয়ন্ত্রণে নেয় তখন ২০ জন জলদস্যু ছিল। তারা যখন জাহাজ ছেড়ে যায় প্রায় ৬৫ জন জলদস্যু অবস্থান করছিল। প্রতিমন্ত্রী বলেন, ”আমি জানি না ভুল ভূখণ্ডে যাওয়ার পর জলদস্যুদের কী অবস্থা হয়েছে।„ ভবিষ্যতে যাতে এমন অনাকাঙ্ক্ষিত ঘটনা না ঘটতে পারে, সেজন্য সমুদ্র পরিবহন অধিদফতর পদক্ষেপ নেবে বলে জানান প্রতিমন্ত্রী খালিদ। উল্লেখ্য, ১২ই মার্চ বাংলাদেশ সময় দুপুর দেড়টায় মোজাম্বিকের মাপুতু বন্দর থেকে সংযুক্ত আরব আমিরাত যাওয়ার পথে এমভি আবদুল্লাহ, জাহাজটিতে উঠে নিয়ন্ত্রণ নেয় সোমালিয়ার জলদস্যুরা। জাহাজটিতে ৫৫ হাজার টন কয়লা রয়েছে। জাহাজে থাকা ২৩ নাবিকের সবাই বাংলাদেশি। পরে জলদস্যুরা জাহাজটিকে সোমালিয়ার উপকূলে নিয়ে যায়। জাহাজটি ছিনতাইয়ের ৯ দিনের মাথায় দস্যুরা মুক্তিপণের জন্য জাহাজের মালিকপক্ষের সঙ্গে যোগাযোগ করে। এরপর নানা পর্যায়ে দর-কষাকষি চলে। চলতি মাসেই নাবিকদের মুক্তি মিলবে বলে আভাস দিয়েছিলো জাহাজটির মালিকপক্ষ।

(ভোয়া ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ এলিনা)

## আনন্দ-উল্লাস আর বিশ্বমানবের মঙ্গল কামনায় উদযাপিত হলো বাংলা নববর্ষ

আনন্দ-উল্লাস আর বিশ্বমানবের মঙ্গল কামনার মধ্য দিয়ে বাংলাদেশে উদ্‌যাপিত হলো বাংলা নববর্ষ। বাংলা নববর্ষ উদ্‌যাপনের ইতিহাস বেশ প্রচীন। তবে নব পর্যায়ের বর্ষবরণের অনত্যম প্রধান অনুষঙ্গ ঢাকার রমনা বটমূলে সাংস্কৃতিক প্রতিষ্ঠান ছায়ানটের বৈশাখ আবাহন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের মঙ্গল শোভাযাত্রা। প্রথা ও ঐতিহ্য অনুযায়ী, রাজধানী ঢাকার রমনা উদ্যানের বটমূলে পহেলা বৈশাখের সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রবিবার (১৪ই এপ্রিল) সকাল সোয়া ৬টায় দেশের অন্যতম প্রধান সাংস্কৃতিক প্রতিষ্ঠান ছায়ানট পরিবেশন করে মনোমুগ্ধকর সাংস্কৃতিক পরিবেশনা। মর্তুজা কবির মুরাদের 'রাগ আহীর ভৈরব' সুরে মন্ত্রমুগ্ধকর বাঁশি পরিবেশনার মধ্য দিয়ে শুরু হয় এই সাংস্কৃতিক উৎসব। দেশের বিশিষ্ট শিল্পীদের পরিবেশনা, গান, আবৃত্তি ও অন্যান্য পরিবেশনা শ্রোতাদের মুগ্ধ করে। সাংস্কৃতিক অনুষ্ঠানে, ১১টি কোরাস গান ও ১৫টি একক গান এবং ৩১টি একক পরিবেশনা উপস্থাপন করা হয়। এর মধ্যে; সত্যম কুমার দেবনাথ, খায়রুল আনাম শাকিল, চন্দনা মজুমদার, তানিয়া মান্নান, রামেন্দু মজুমদার, জয়ন্ত চট্টোপাধ্যায়সহ প্রখ্যাত শিল্পীরা প্রকৃতি, মানবপ্রেম, আত্মশুদ্ধি ও দেশপ্রেমের বিষয়গুলো তুলে ধরেন। নতুন বাংলা বর্ষপঞ্জি ১৪৩১ সনকে স্বাগত জানাতে রাজধানীর প্রতিটি প্রান্ত থেকে উৎসবস্থলে সমবেত হয় মানুষ। মেতে উঠে নাচে, গানে, আনন্দ উল্লাসে। অনুষ্ঠানের শেষ পর্বে, নতুন বছরের ভাষণ পাঠ করেন ছায়ানটের নির্বাহী সভাপতি ড. সারওয়ার আলী। দলগত জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে সমাপ্তি ঘটে অনুষ্ঠানের। সরকারের নিরাপত্তা বাহিনী এবং ১৩তম হুসার্স ওপেন রোভার স্কাউট গ্রুপের স্বেচ্ছাসেবকদের পাশাপাশি ছায়ানটের

স্বেচ্ছাসেবকরা অনুষ্ঠানস্থলে কঠোর নিরাপত্তা নিশ্চিত করে। ছায়ানট প্রতিষ্ঠিত হয় ১৯৬১ সালে। আর, ১৯৬৭ সাল থেকে প্রতিবছর রমনা পার্কে পহেলা বৈশাখের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক উৎসব আয়োজন করছে ছায়ানট। ব্যতিক্রম ছিল ১৯৭১ সালে; বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময়। আর, ২০২০ ও ২০২১ সালে বিশ্বব্যাপী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে অনুষ্ঠানটি আয়োজন করা সম্ভব হয়নি। পহেলা বৈশাখ উপলক্ষ্যে ছায়ানটের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক উপস্থাপনা বাংলাদেশের সবচেয়ে কাঙ্ক্ষিত এবং দীর্ঘ প্রতীক্ষিত উৎসব হিসাবে বিবেচিত হয়। এটি বিশ্বের অন্যতম নিয়মিত সাংস্কৃতিক উদ্‌যাপন হিসাবে খ্যাতি অর্জন করেছে।

পহেলা বৈশাখ উদ্‌যাপন উপলক্ষ্যে রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) চারুকলা অনুষদ থেকে বর্ণাঢ্য মঙ্গল শোভাযাত্রা শুরু হয়। ঐক্য, সাংস্কৃতিক গর্ব ও স্থিতিস্থাপকতার প্রতীক এই শোভাযাত্রা। এটি ঐতিহ্যবাহী শিল্পীসত্তা ও চেতনার মন্ত্রমুগ্ধকর প্রদর্শনী। সকাল ৯টা ১৮ মিনিটে শুরু হয় এই শোভাযাত্রা। মঙ্গল শোভাযাত্রা শাহবাগ, ঢাকা ক্লাব এবং শিশু পার্কের মতো ঐতিহাসিক স্থান হয়ে, ঢাকার ব্যস্ত রাস্তা অতিক্রম করে। বর্ণিল পোশাকে সজ্জিত ও প্রতীকী নিদর্শন সম্বলিত শোভাযাত্রা বাংলাদেশের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে প্রতিফলত করে এবং আনন্দ-উল্লাসে নতুন বছরকে স্বাগত জানায়। সৃজনশীলতা ও শৈল্পিক প্রকাশকে লালনের জন্য পরিচিত চারুকলা অনুষদ। এই প্রতিষ্ঠানটি সাংস্কৃতিক তাৎপর্যের সূচনা স্থান। শিক্ষার্থী ও শিক্ষকদের এই আয়োজনে বাংলাদেশের বৈচিত্র্যময় সংস্কৃতি ও সৌন্দর্যের প্রচার ও সংরক্ষণের প্রতি অঙ্গীকারের দৃষ্টান্ত ফুটে ওঠে। শোভাযাত্রাটি টিএসসিতে সমাপ্তির পথে পৌঁছানোর সঙ্গে সঙ্গে সেখানকার বাতাস হর্ষধ্বনি, সংগীত এবং অংশগ্রহণকারী ও দর্শকদের সম্মিলিত উল্লাসে অনুরণিত হয়। মঙ্গল শোভাযাত্রা শুধু বাংলা নববর্ষের আগমনই উদ্‌যাপন করে না, প্রতিকূলতার মধ্যেও বাঙালি জনগণের সহনশীলতা ও চেতনার সাক্ষ্য বহন করে। আধুনিক বিশ্বের চ্যালেঞ্জগুলোর মধ্যে, এই জাতীয় আয়োজন ঐক্য, স্থিতিস্থাপকতা ও একাত্মতার বোধকে লালন করার ক্ষেত্রে সাংস্কৃতিক ঐতিহ্যের গুরুত্ব নিশ্চিত করে; এমন মত প্রকাশ করেন শোভাযাত্রায় যোগ দেয়া মানুষ।

পহেলা বৈশাখ বাংলা সনের প্রথম দিন। এ দিনটি বাংলাদেশে নববর্ষ হিসেবে উদ্‌যাপিত হয়। এটি বাঙালির একটি সর্বজনীন লোকউৎসব। এদিন আনন্দঘন পরিবেশে বরণ করে নেয়া হয় নতুন বছরকে। কল্যাণ ও নতুন জীবনের প্রতীক হিসেবে উদ্‌যাপন করা হয় বাংলা নববর্ষকে। বাংলা পিডিয়া অনুসারে, এক সময় নববর্ষ উদ্‌যাপিত হতো ঋতুধর্মী উৎসব হিসেবে। তখন এর সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক ছিল কৃষির, কারণ কৃষিকাজ ঋতুনির্ভর। কৃষিকাজের সুবিধার্থেই মুগল সম্রাট আকবর ১৫৮৪ খ্রিস্টাব্দের ১০/১১ মার্চ বাংলা সন প্রবর্তন করেন এবং তা কার্যকর হয় তাঁর সিংহাসন-আরোহণের সময় থেকে (৫ই নভেম্বর ১৫৫৬)। হিজরি চান্দ্র সন ও বাংলা সৌর সনকে ভিত্তি করে বাংলা সন প্রবর্তিত হয়। নতুন সনটি প্রথমে `ফসলি সন, নামে পরিচিত ছিলো, পরে তা বঙ্গাব্দ নামে পরিচিত হয়। বাংলা নববর্ষ আকবরের সময় থেকে থেকে উৎসবের রূপ লাভ করে। সে সময় বাংলার কৃষকরা চৈত্র মাসের শেষদিন পর্যন্ত জমিদার, তালুকদার এবং অন্যান্য ভূ-স্বামীর খাজনা পরিশোধ করতো। পরদিন, নববর্ষে সাধারণ মানুষকে মিষ্টিমুখ করাতেন ভূস্বামীরা। এ উপলক্ষ্যে তখন মেলা এবং অন্যান্য অনুষ্ঠানের আয়োজন করা হতো। ক্রমান্বয়ে পারিবারিক ও সামাজিক জীবনের সঙ্গে ঘনিষ্ঠভাবে মিশে পহেলা বৈশাখ আনন্দময় ও উৎসবমুখী হয়ে ওঠে এবং বাংলা নববর্ষ শুভ দিন হিসেবে উদ্‌যাপিত হতে থাকে। বাংলা নববর্ষের অন্যতম উপাদান হালখাতা। গ্রামে-গঞ্জে-নগরে ব্যবসায়ীরা নববর্ষের প্রারম্ভে তাদের পুরানো হিসাব-নিকাশ সম্পন্ন করে, নতুন খাতা খুলতেন। এ উপলক্ষ্যে তারা নতুন-পুরাতন খরিদদারদের আমন্ত্রণ জানিয়ে মিষ্টি বিতরণ করতেন এবং নতুনভাবে তাদের সঙ্গে ব্যবসায়িক যোগসূত্র স্থাপন করতেন। চিরাচরিত এ অনুষ্ঠানটি আজো পালিত হয়। নববর্ষের উৎসব বাংলার গ্রামীণ জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ফলে গ্রামের সাধারণ মানুষের কাছে দিনটি বিশেষ তাৎপর্যপূর্ণ। সাধারণত নববর্ষে তারা বাড়িঘর পরিষ্কার রাখে, ব্যবহার্য সামগ্রী ধোয়া-মোছা করে এবং সকালে স্নান সেরে পূত-পবিত্র হয়। দিনটিতে ভালো খাওয়া, ভালো থাকা এবং ভালো পরতে পারাকে তারা ভবিষ্যতের জন্য মঙ্গলজনক বলে মনে করে। নববর্ষে ঘরে ঘরে আত্মীয়-স্বজন, বন্ধুবান্ধব এবং প্রতিবেশীদের আগমন ঘটে। মিষ্টি-পিঠা-পায়েসসহ নানা রকম লোকজ খাবারের আয়োজন থাকে ঘরে ঘরে। থাকে নববর্ষের শুভেচ্ছা বিনিময়। প্রিয়জনকে উপহার দেয়ার মাধ্যমে নববর্ষের শুভেচ্ছা বিনিময় হয়; যা শহরাঞ্চলে বহুল প্রচলিত। নববর্ষকে উৎসবমুখর করে তোলে বৈশাখী মেলা। এটি মূলত সর্বজনীন লোকজ মেলা। এ মেলা অত্যন্ত আনন্দঘন। স্থানীয় কৃষিজাত দ্রব্য, কারুপণ্য, লোক শিল্পজাত পণ্য, কুটির শিল্পজাত সামগ্রী, সব প্রকার হস্তশিল্পজাত ও মৃৎশিল্পজাত সামগ্রী এই মেলায় পাওয়া যায়।( ভোয়া ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ এলিনা)

## নববর্ষের শুভেচ্ছা জানালেন বাইডেন দম্পতি

আসন্ন নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন ও ফার্স্ট লেডি জিল বাইডেন। শনিবার এক্স (টুইটারে)-এ প্রকাশিত এক বার্তায় বাইডেন দম্পতি এই শুভেচ্ছা জানান। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট-এর এক্স হ্যান্ডেলের টুইটে বলা হয়, ”বিশ্বব্যাপী যারা বৈশাখী, নবরাত্রি, সংক্রান এবং এই সপ্তাহে আসন্ন নববর্ষ উদ্‌যাপনে শরীক হবে তাদের জন্য জিল এবং আমি উষ্ণতা, সৌহার্দ ও আনন্দ কামনা করি। শুভ বাংলা, খেম, লাও, মিয়ানমারিজ, নেপালি,

সিংহলি, তামিল, থাই এবং বিষু নববর্ষ!” বাংলাদেশে রবিবার (১৪ই এপ্রিল) উদ্‌যাপিত হবে বাংলা নববর্ষ। পহেলা বৈশাখ বা বাংলা নববর্ষ হলো এই ভূখণ্ডের সবচেয়ে বড় অসাম্প্রদায়িক ও সর্বজনীন উৎসব। দিনটি উদ্‌যাপনের জন্য সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে বাংলাদেশ জুড়ে। এবছর খ্রিস্টীয় সাল লিপইয়ার হওয়ায়, ভারতের পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশে অভিন্ন দিনে বাংলা নববর্ষ উদ্‌যাপিত হচ্ছে। বাংলাদেশে বাংলা বর্ষপঞ্জি শুরু হয় ১৪ এপ্রিলকে পহেলা বৈশাখ নির্দিষ্ট করে। আর, পশ্চিমবঙ্গের বাঙালিরা বাংলা নববর্ষ উদ্‌যাপন করেন প্রাচীন বাংলা বর্ষগণনার ঐতিহ্য মতে। বাংলাদেশে বর্ষবরণের চমকপ্রদ ও জমজমাট আয়োজন হয় রাজধানী ঢাকায়। এখানে বৈশাখী উৎসবের অনুষ্ঠানমালা এক মিলন মেলার সৃষ্টি করে। নববর্ষের প্রথম প্রভাতে রমনা উদ্যান ও এর চারপাশের এলাকায় উচ্ছল জনস্রোতে সৃষ্টি হয় জাতীয় বন্ধন। ছায়ানটের উদ্যোগে জনাকীর্ণ রমনার বটমূলে রবীন্দ্রনাথের আগমনী গান `এসো হে বৈশাখ এসো এসো,-এর মাধ্যমে নতুন বর্ষকে বরণ করা হয়। ১৩৭২ বঙ্গাব্দে (১৯৬৫) ছায়ানট প্রথম এ উৎসব শুরু করে। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা ইনস্টিটিউটের বকুলতলার প্রভাতী অনুষ্ঠানে নববর্ষকে সম্ভাষণ জানানো হয়। এখানকার চারুশিল্পীদের বর্ণাঢ্য শোভাযাত্রা, নববর্ষের আহ্বানকে করে তোলে নয়ন মনোহর এবং গভীর আবেদনময়। এ শোভাযাত্রা উপভোগ করে সব শ্রেণির মানুষ। দিনটিতে শহিদ মিনার প্রাঙ্গণ, টি.এস.সি এবং চারুকলা ইনস্টিটিউটসহ সমগ্র ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা পরিণত হয় বিশাল জনসমুদ্রে। বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামের ৩ জেলায় নদী-হ্রদে ফুল ভাসিয়ে শুক্রবার (১২ই এপ্রিল) থেকে শুরু হয়েছে ৩ দিনের ঐতিহ্যবাহী বর্ষবরণ উৎসব বৈসাবি। চাকমা নৃগোষ্ঠীর বিজু উৎসব এবং ত্রিপুরা নৃগোষ্ঠীর হারি বৈসু উদ্‌যাপনের মধ্য দিয়ে শুরু হলো বৈসাবি। দিনটিতে চাকমা জনগোষ্ঠীর মানুষ ধর্মীয় আচার-অনুষ্ঠান করে থাকেন। ফুলের অধিক ব্যবহার হয় বলে চাকমারা বলে `ফুল বিজু,। শুক্রবার ভোরে খাগড়াছড়ি সদরের খবংপুড়িয়া এলাকায় চেঙ্গী নদীতে ফুল উৎসর্গ করতে শত শত চাকমা শিশু-কিশোর, তরুণ-তরুণী, নানা বয়সী নারী-পুরুষ ভিড় জমান। সবাই দলবদ্ধ হয়ে কলা পাতায় ফুল সাজিয়ে সৃষ্টির উৎসের প্রতি উৎসর্গ করেন। ফুলে ফুলে বর্ণিল হয়ে উঠে চেঙ্গী নদীর দু,পাশ। সূর্যোদয়ের আগে, শিশু-কিশোররা হল্লা করে ফুল তুলতে বের হয়। উৎসবে পাহাড়ি পল্লীর বিভিন্ন খাল ও প্রাকৃতিক ছড়া ফুলে ফুলে ভরে যায়। শিশুরা নদীতে আনন্দ উল্লাস করে নতুন বছরকে আহবান জানায়। পাহাড়ের মানুষ ফুল দিয়ে সাজিয়েছে ঘরবাড়ি, আঙ্গিনা। শুক্রবার সকালে চেঙ্গী নদীতে ফুল পূজা করে ত্রিপুরা সম্প্রদায়ের মানুষ `বৈসু, উৎসবের সূচনা করে। আর পহেলা বৈশাখ থেকে শুরু হবে মারমাদের `সাংগ্রাই, উৎসব । এই উৎসবের মধ্যে দিয়ে পুরনো বছরকে বিদায় ও নতুন বছরকে স্বাগত জানানো হয়। রাঙ্গামাটি রাজবাড়ি ঘাটে বৈসাবি উদ্‌যাপন কমিটির উদ্যোগে ভোরে তরুণ-তরুণীরা ফুল ভাসায়। এর মধ্য দিয়ে ৩ দিন উৎসবের সূচনা করা হয়। বৈসাবির উৎসবকে কেন্দ্র করে, ৩ দিনে আনন্দ উৎসবে মেতে থাকবে পার্বত্য অঞ্চলের সব সম্প্রদায়ের মানুষ। (ভোয়া ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বিএনপি নির্লজ্জ মিথ্যাচার করছে: ওবায়দুল কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশের গণতন্ত্র ও নির্বাচনি প্রক্রিয়া বাধাগ্রস্ত করতে বিএনপির সকল ষড়যন্ত্র ব্যর্থ হওয়ার পর তারা এখন মনগড়া তথ্য দিয়ে নির্লজ্জ মিথ্যাচার করছে। আজ (শনিবার) দুপুরে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। সেতুমন্ত্রী বলেন, মির্জা ফখরুলের দেওয়া বিরোধীদলের নেতাকর্মীদের গুম, হত্যার ঘটনা সব মিথ্যা এবং দায়ের করা মামলার সংখ্যার তথ্য সম্পূর্ণ বানোয়াট। বাংলাদেশের জনগণ যখন পবিত্র ঈদ উৎসব উদ্‌যাপন করছে সে সময়ে বিএনপির তথাকথিত `গুম-নির্যাতনের, কাল্পনিক তথ্য বাংলাদেশের জনগণকে বিভ্রান্ত করছে।কা দের বলেন, তথাকথিত গুম, খুন ও মামলার সংখ্যা নিয়ে বিদেশি প্রভুদের কাছ থেকে করুণা ও রাজনৈতিক সমর্থন লাভের আশায় বিএনপি নেতারা ধারাবাহিকভাবে সরকার বিরোধী অপপ্রচার চালাচ্ছে। (রেডিও তেহরানঃ ২০৩০ ঘ. ১৪.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### ইসরায়েল অভিমুখী ইরানি ড্রোনগুলোকে বাধা দিয়েছে যুক্তরাষ্ট্র : গণমাধ্যম

সিএনএন’সহ মার্কিন সংবাদমাধ্যমগুলো সরকারি কর্মকর্তাদের বরাত দিয়ে জানিয়েছে যে, মধ্যপ্রাচ্যে অবস্থিত মার্কিন বিমান প্রতিরক্ষা ব্যবস্থাগুলো ইরানের কিছু ড্রোনকে আটকে দিয়েছে। তবে যুক্তরাষ্ট্র কীভাবে এবং কোথায় ড্রোনগুলোকে বাধা দিয়েছে তা নির্দিষ্ট করে উল্লেখ করেনি সূত্রগুলো। হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্রের ভাষ্যানুযায়ী, ইরান গতকাল শনিবার ইসরায়েলের বিরুদ্ধে আকাশপথে হামলা শুরু করে। অ্যাড্রিয়েন ওয়াটসন এক বিবৃতিতে উল্লেখ করেন যে, ”প্রেসিডেন্ট বাইডেনকে তার জাতীয় নিরাপত্তা দল নিয়মিতভাবে পরিস্থিতি সম্পর্কে হালনাগাদ তথ্য সরবরাহ করছে এবং তিনি হোয়াইট হাউসে তাদের সাথে বৈঠক করবেন।” তিনি এও বলেন যে, দলটি ”ইসরায়েলি কর্মকর্তাদের পাশাপাশি অন্যান্য অংশীদার এবং মিত্রদের সাথে নিয়মিতভাবে যোগাযোগ রক্ষা করে চলেছে।” মুখপাত্রের ভাষ্যানুযায়ী, ”প্রেসিডেন্ট বাইডেন এটি স্পষ্ট করেছেন যে, ইসরায়েলের নিরাপত্তার প্রতি আমাদের

সমর্থন লৌহবর্মের মতো। যুক্তরাষ্ট্র ইসরায়েলের জনগণের পাশে দাঁড়াবে এবং ইরানের এই হুমকির বিরুদ্ধে তাদের প্রতিরক্ষাকে সমর্থন করবে।" (এনএইচকে ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

## পহেলা বৈশাখে গ্রামীণ অর্থনৈতিক কর্মকাণ্ড কমছে, বাড়ছে বৈষম্য

বাংলাদেশে উৎসব কেন্দ্রিক অর্থনীতি দিন দিন বড় হচ্ছে। নানা ধরনের উৎসবে মানুষ আগের চেয়ে অনেক বেশি টাকা খরচ করেন। তবে উৎসবকেন্দ্রিক গ্রামীণ অর্থনীতি দুর্বল হচ্ছে। একারণে বাড়ছে বৈষম্য। অর্থনীতিবিদরা বলছেন, শহরের অর্থনীতিতে কিছু মানুষ ধনী হন। আর গ্রামের অর্থনীতিতে উপকৃত হন সবাই। গ্রামে বণ্টনের একটা ন্যায্যতা আছে। বিশেষ করে পহেলা বৈশাখে আগে গ্রামে মেলা হতো। নানা ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠান হতো। এখন সেগুলো প্রায় বন্ধ হওয়ার পথে। ওই মেলাগুলোতে প্রচুর মানুষের কর্মসংস্থানের সুযোগ হতো। এক সময় পহেলা বৈশাখে এক হাজার কোটি টাকার লেনদেন হতো। এখন অনেকটাই কমে গেছে। কৃষি ও গ্রামীণ অর্থনীতি নিয়ে কাজ করেন অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম। ডয়চে ভেলেকে তিনি বলেন, "নগরায়নের ফলে গ্রামীণ কর্মকাণ্ড অনেক কমে গেছে। শহর কেন্দ্রিক সভ্যতার প্রসার ঘটছে। আগে ৮০ ভাগ মানুষ গ্রামে থাকতেন। এখন সেটা কমে এসেছে ৩০ ভাগে। পহেলা বৈশাখ বা বিভিন্ন উৎসবে গ্রামে যে মেলা হতো, সাংস্কৃতিক অনুষ্ঠান হতো এখন সেগুলো ওভাবে হচ্ছে না। এক সময় পহেলা বৈশাখে এক হাজার কোটি টাকার কেনাবেচা হতো গ্রামে। সেটা এখন তেমন আর নেই। পহেলা বৈশাখ এখন অনেকটাই শহরকেন্দ্রিক হয়ে গেছে। আধুনিক নগর সভ্যতা চারদিকে ছড়িয়ে পড়েছে। সেটাই আমরা দেখছি। এই সরকার বলেছে, গ্রামে শহরের সুবিধার ব্যবস্থা করবে। এর অর্থ এই নয় যে, গ্রামের সংস্কৃতিক কর্মকাণ্ড বা এই ধরনের মেলা বন্ধ করে দিতে হবে। এটা অটুট রাখতে হলে সরকারের উচিত হবে নানা ধরনের প্রণোদনা দিয়ে হলেও গ্রামীণ সংস্কৃতি টিকিয়ে রাখা। অর্থনৈতিক কর্মকাণ্ড যদি শুধু শহরে হয় তাহলে সমাজে বৈষম্য বাড়ে। কিন্তু গ্রামের অর্থনৈতিক কর্মকাণ্ডে সমবণ্টন হয়। এতে উপকৃত হন সবাই।„

বর্তমান সরকারের সময়ে বিদ্যুৎ ও যোগাযোগ সুবিধা সম্প্রসারণের ফলে গ্রামে ক্ষুদ্র ব্যবসা ও কুটিরশিল্পের প্রসার ঘটেছে। কৃষির পাশাপাশি গ্রামাঞ্চলে হাঁস-মুরগি পালন, মৎস্য চাষ, গবাদি পশু পালন ও নার্সারি স্থাপনে প্রচুর বিনিয়োগ করেছেন মানুষ। প্রত্যন্ত গ্রামে ব্রয়লার ও লেয়ার মুরগির খামার, শাকসবজি ও ফলের বাগান গড়ে তুলেছে সাহসী ও উদ্যমী যুবক-যুবতীরা। শহর থেকেও অনেকে গ্রামে গিয়ে নানা ধরনের কৃষি ফার্ম করছেন। কিন্তু গ্রামের মানুষের নিজেদের যে কাজগুলো সেগুলো দিন দিন কমে যাচ্ছে। প্লাস্টিকের আগ্রাসনে কমে যাচ্ছে মৃৎ শিল্প। নানা ধরনের কারুশিল্পী কাজ করতেন। এখন তারাও নিজেদের কাজ ছেড়ে অন্য পেশায় যাচ্ছেন। ইসলামী বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক মূঈদ রহমান দীর্ঘদিন ধরে উৎসবের অর্থনীতি নিয়ে গবেষণা করছেন। ডয়চে ভেলেকে তিনি বলেন, "এখন তো আমাদের মনে হয় গ্রামের মানুষ ভালো আছেন। কিন্তু গ্রামে যদি আগের মতো মেলা হতো, সাংস্কৃতিক কর্মকাণ্ড চলত তাহলে আরও ভালো থাকত। গ্রামীণ অর্থনীতি চাঙ্গা থাকলে সামগ্রিক অর্থনীতিতে এর প্রভাব পড়ে। ৭০ এর দশকে কে হিন্দু, কে মুসলমান সেটা ভাবা হতো না। আসলে সার্বিকভাবেই আমাদের সাংস্কৃতিক কর্মকাণ্ড কমে যাচ্ছে। এর ফলে আমাদের মধ্যে এক ধরনের সাম্প্রদায়িকতা বাড়ছে। আবার গত ১৫ বছরে বিশ্ববিদ্যালয়গুলোতে সাংস্কৃতিক কর্মকাণ্ড নেই বললেই চলে। সবাই এখন কিছু একটা পাওয়ার আশায় থাকে। অথচ এরশাদের শাসনামলেও সাংস্কৃতিক কর্মকাণ্ড চলেছে। এই ধরনের প্রাপ্তির কথা আমরা চিন্তাই করতে পারতাম না। আমাদের পাঠ্যক্রমগুলোও বাঙালি সংস্কৃতির অনুকূল না। ফলে আমরা সাম্প্রদায়িক হয়ে যাচ্ছি। আমরা যদি গান না শুনি, নাটক না দেখি তাহলে আমরা রুক্ষ হয়ে যাব। আমরা যান্ত্রিক হয়ে যাচ্ছি।„ অধ্যাপক মূঈদ রহমান বলেন, "অর্থনীতি কী? কিছু উৎপাদন হবে, সেটা বিক্রি হবে। এটাকে বলে চলমান অর্থনীতি। এখন গ্রামে একটা মেলা হলে সেখানে কত কিছু উৎপাদন হয় এবং সেগুলো বিক্রি হয়। সেখানে কর্মসংস্থানও বাড়ে। এভাবেই অর্থনীতি সচল থাকে। শহর আর গ্রামের অর্থনীতির একটা পার্থক্য হল, শহরে মাথাপিছু আয় এক টাকা বাড়লে দারিদ্র কমে দশমিক ৭০ ভাগ। আর গ্রামে মাথাপিছু আয় এক টাকা বাড়লে দারিদ্র্য কমে দুই দশমিক ৪ শতাংশ। ফলে বোঝাই যাচ্ছে গ্রামের অর্থনীতিতে সমতা অনেক বেশি। শহরে একজন শিল্পপতির আয় যেভাবে বাড়ে শ্রমিকের সেভাবে বাড়ে না। সেটা সম্ভবও না। কিন্তু গ্রামের চিত্রটা পুরোপুরি ভিন্ন।„ বাংলা নববর্ষ ও বৈশাখী মেলা গ্রামীণ অর্থনীতির চাকাকে সচল রাখতে সহায়তা করে। বাঙালির সবচেয়ে বড় উৎসব, প্রাণের উৎসব পহেলা বৈশাখ। এই উৎসবে ধর্ম, বর্ণ নির্বিশেষে সব সম্প্রদায়ের মানুষ অংশগ্রহণ করে। ফুটপাত থেকে বিপণিবিতান সবখানেই পণ্য বেচাকেনার ধুম পড়ে। তথ্যপ্রযুক্তির উন্নয়নের ফলে বেচাকেনা বেড়েছে অনলাইনেও। অর্থনীতিবিদরা বলছেন, বৈশাখী উৎসব দেশের অর্থনীতিতে নতুন মাত্রা যোগ করেছে। সর্বজনীন এই উৎসবে বাড়ছে মানুষের অংশগ্রহণ। সেইসঙ্গে বাড়ছে বৈশাখ কেন্দ্রিক কেনাকাটাও। এতে উৎসবের পাশাপাশি পয়লা বৈশাখ পাচ্ছে বাণিজ্যিক গুরুত্ব। বৈশাখী উৎসব ঘিরে দেশের ব্যবসা-বাণিজ্যে গতি এসেছে বলে মনে করেন অর্থনীতিবিদরা। তারা বলেন, এই উৎসব সর্বজনীন। অধ্যাপক আবুল কাশেম ফজলুল হক ডয়চে ভেলেকে বলেন, "যুগের পরিবর্তনের সঙ্গে সঙ্গে কিছু জিনিস হারিয়ে যাবে। তবে কিছু জিনিস আমাদের রক্ষাও করতে হবে। এটা

শুধু আমাদের দেশে না, সারা বিশ্বেই এমন। আধুনিক সভ্যতার ফলে কিছু জিনিস হারিয়ে গেলেও বৈশাখী উৎসবটা আমাদের ধরে রাখতে হবে। কারণ এই পহেলা বৈশাখের সঙ্গে আমাদের জাতীয় সংস্কৃতির একটা সম্পর্ক আছে। ফলে এটা আমাদের হারিয়ে ফেললে চলবে না।„ (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১৪.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### নববর্ষের অন্যতম আকর্ষণ মঙ্গল শোভাযাত্রা অনুষ্ঠিত

নববর্ষ উপলক্ষ্যে সকাল ৯:১৫ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ থেকে বের হয় ঐতিহ্যবাহী মঙ্গল শোভাযাত্রা। চারুকলা থেকে শুরু হয়ে ঢাকা ক্লাব ও শিশু পার্ক ঘুরে টিএসসিতে এসে শেষ হয় এবারের মঙ্গল শোভাযাত্রা। মঙ্গল শোভাযাত্রাকে কেন্দ্র করে সকাল থেকেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের সামনে মানুষের ঢল নামতে থাকে। শহরের নানা প্রান্ত থেকে যোগ দেয় হাজারো মানুষ। এদিকে বাংলা নববর্ষ ১৪৩১ জাকজমকপূর্ণভাবে উৎসবের জন্য জাতীয় পর্যায়ে ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে সরকার।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

### এদেশের সাম্প্রদায়িকতার বিশ্বস্ত ঠিকানা হচ্ছে বিএনপি : ওবায়দুল কাদের

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি'র চেতনা ও হৃদয়ে পাকিস্তান। তারা বাঙালি সংস্কৃতিকে সহ্য করতে পারে না। বিএনপি এ দেশের সাম্প্রদায়িকতার বিশ্বস্ত ঠিকানা, জঙ্গিবাদের পৃষ্ঠপোষক। রোববার সকালে বাংলা নববর্ষ ১৪৩১ উপলক্ষ্যে রাজধানীর বাহাদুর শাহ পার্কে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় যোগ দিয়ে এসব কথা বলেন দলটির সাধারণ সম্পাদক। ওবায়দুল কাদের বলেন, কারা বৈশাখের চেতনা বিরোধী তা আজ দেশে প্রতিষ্ঠিত সত্য। যারা বাঙালি সংস্কৃতিকে সহ্য করতে পারে না তাদের চেতনায় রয়েছে পাকিস্তান। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

### ২৩ বাংলাদেশি নাবিকসহ সোমালিয়ান জলদস্যুদের হাত থেকে অবশেষে মুক্তি পেলো এমভি আব্দুল্লাহ

অবশেষে মুক্ত হয়েছে সোমালিয়ান জলদস্যদের হাতে জিম্মি থাকা বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ। জাহাজটিতে থাকা ২৩ নাবিকই সুস্থ রয়েছেন। জাহাজের মালিকপক্ষ কেএসআরএম গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম শনিবার দিবাগত রাত তিনটা ৩৫ মিনিটে বিষয়টি সংবাদ মাধ্যমকে নিশ্চিত করেছেন। জানা গেছে সোমালিয়ান জলদস্যুদের হাত থেকে মুক্ত বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহর ২৩ নাবিক দুবাই থেকে দেশে ফিরবেন। এর আগে শনিবার বাংলাদেশ সময় সন্ধ্যা ৭টার দিকে মুক্তিপণের ডলার ভর্তি তিনটি ব্যাগ জলদস্যদের হাতে পৌঁছালে নাবিক-সহ জাহাজটি মুক্ত করা হয়। মুক্ত হয়ে মধ্যরাতে ২৩ নাবিক নিয়ে সংযুক্ত আরব আমিরাতের বন্দরের উদ্দেশ্যেরওনা দেয় এমভি আবদুল্লাহ। জাহাজটির চারপাশে একাধিক আন্তর্জাতিক জাহাজ রয়েছে বলে জানা গেছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

### বাংলাদেশি নাবিকদের উদ্ধারে মুক্তিপণ দেয়ার কোনো ঘটনা ঘটেনি : নৌপরিবহন প্রতিমন্ত্রী

সোমালি জলদস্যুদের হাতে থেকে জিম্মি নাবিকদের মুক্ত করতে মুক্তিপণ দেওয়ার কোনো তথ্য সরকারের কাছে নেই বলে জানিয়েছেন নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। জিম্মি জাহাজ এমভি আব্দুল্লাহ এবং এর সব নাবিকের মুক্তিতে তিনি সন্তোষ প্রকাশ করেন। রোববার নিজের সরকারি বাসভবনে এক সংবাদ ব্রিফিংয়ে প্রতিমন্ত্রী এ কথা উল্লেখ করেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

### মিয়ানমার থেকে ৯জন বিজিপি সদস্য পালিয়ে বাংলাদেশে এসেছে

কক্সবাজারের টেকনাফের হোয়াইক্যংয়ের খারাংখালী সীমান্ত এলাকা দিয়ে আবারও মিয়ানমার সীমান্তরক্ষী বাহিনীর বিজিপির ৯ জন সদস্য আশ্রয়ের জন্য বাংলাদেশে অনুপ্রবেশ করে। তাদের বিজিবির হেফাজতে রাখা হয়েছে। টেকনাফ-২ বিজিবির অধিনায়ক লেফটেন্যান্ট কর্নেল মহিউদ্দিন আহমেদ এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, আশ্রয়ের জন্য আজ রোববার সকালে তারা বাংলাদেশে ঢুকে পড়ে। এ সময় তাদের হাতে অস্ত্র ছিল। পরে তাদের নিরস্ত্র করে বিজিবি হেফাজতে রাখা হয়েছে। গেলো কয়েকদিন ধরে মিয়ানমারে মংডু শহরের আশপাশের বেশ কয়েকটি গ্রামে সংঘর্ষের ঘটনায় এপারে গুলি ও বোমার শব্দ শুনতে পায় টেকনাফের বাসিন্দারা। তাদের মধ্যে এখনও আতংক বিরাজ করছে। এদিকে মিয়ানমারের অস্থিরতার মধ্যে যাতে কোনো রোহিঙ্গা বাংলাদেশে অনুপ্রবেশ করতে না পারে সে জন্য সীমান্তে কড়াকড়ি নজর রাখছে বিজিবি। বাড়ানো হয়েছে টহল। গেল ১১ মার্চ মিয়ানমারের অভ্যন্তরে সংঘাতের জেরে একদিনে পালিয়ে বাংলাদেশে এসেছে দেশটির বিজিপির ১৭৯ সদস্য। এরপরই একই সীমান্ত নিয়ে পালিয়ে আসে মিয়ানমার সেনাবাহিনীর তিনজন সদস্য। তারাও বর্তমানে বিজিবির হেফাজতে রয়েছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

## দেশের বিভিন্ন অঞ্চলের উপর দিয়ে বয়ে চলা তাপপ্রবাহ আরো বিস্তৃত লাভ করতে পারে

শনিবার থেকে নীলফামারীর, নেত্রকোনা জেলাসহ রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল চট্টগ্রাম ও সিলেট বিভাগের উপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপ প্রবাহ বয়ে যাচ্ছে। রোববার পহেলা বৈশাখের দিনেও এই তাপপ্রবাহ অব্যাহত রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। আবহাওয়া অধিদপ্তর আরো জানায় বয়ে যাওয়া এই তাপপ্রবাহ আরো বিস্তার লাভ করতে পারে। গরমের মধ্যে বৃষ্টির পূর্বাভাস নিয়ে আবহাওয়াবিদ মো. বজলুর রশিদ বলেন গণমাধ্যমকে বলেন অল্প সময়ের জন্য বৃষ্টির সম্ভাবনা রয়েছে। বৃষ্টি পরেই মেঘ কেটে যেতে পারে বলেও জানান তিনি।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

## বাংলা নববর্ষ উপলক্ষ্যে শুভেচ্ছা জানিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট

বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট জো বাইডেন। সোশ্যাল মিডিয়া এক্স প্ল্যাটফর্মে এক পোস্টে এই শুভেচ্ছা জানান তিনি। টুইটে বাইডেন লেখেন, বৈশাখী, নবরাত্রি, সংক্রান এবং এই সপ্তাহে আসন্ন নববর্ষ উদ্‌যাপনে সারা বিশ্বে জড়ো হওয়া সবাইকে জিল ও আমি শুভেচ্ছা জানাচ্ছি। আমরা আপনাদের আনন্দ কামনা করছি। সবশেষে তিনি লেখেন, শুভ বাংলা, খেম, লাও, মায়ানমারিজ, নেপালি, সিংহলি, তামিল, থাই ও বিষু নববর্ষ।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

## বিশ্বের সেরা এক হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে বাংলাদেশের জায়গা পেয়েছে মাত্র তিনটি বিশ্ববিদ্যালয়

যুক্তরাজ্য ভিত্তিক শিক্ষা গবেষণা সংস্থা কোয়াক কোয়ারেলি সাইমনডস এর পৃথিবীর শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়ের তালিকায় এক হাজারের মধ্যে স্থান পেয়েছেন বাংলাদেশের তিন বিশ্ববিদ্যালয়। এরমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ৬৯১ থেকে ৭০০ অবস্থানে। বুয়েট ৮০১ থেকে ৮৫০ অবস্থানে এবং বেসরকারি বিশ্ববিদ্যালয় নর্থ সাউথ ৮৫১ থেকে ৯০০ অবস্থানে রয়েছে। অন্যদিকে সেরা এক হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্যে ভারতের ৪৫টি ,পাকিস্তানের ১৪ টি বিশ্ববিদ্যালয় জায়গা করে নিয়েছে। তালিকায় বিশ্বের সেরা ৩ বিশ্ববিদ্যালয় হল এমআইটি, ক্যামব্রিজ ও অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়। সেরা দশের মধ্যে এশিয়ার একটি মাত্র বিশ্ববিদ্যালয় আছে সেটি হল ন্যাশনাল ইউনিভার্সিটি অফ সিঙ্গাপুর।
(রেডিও টুডে:৮৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

## ৫০ লাখ ডলার মুক্তিপণের বিনিময়ে মুক্তি পেয়েছে বাংলাদেশের জাহাজ এমভি আব্দুল্লাহ: রয়টার্স

৫০ লাখ ডলার মুক্তিপণ নিয়ে ২৩ নাবিকসহ সোমালি জলদস্যুদের হাতে জিম্মি বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহকে মুক্তি দেয়া হয়েছে। দুই জলদস্যুর বরাত দিয়ে রোববার বার্তা সংস্থা রয়টার্স এমন তথ্য জানিয়েছে। এছাড়াও সোমালিয়ান গণমাধ্যম দা ডেইলি সোমালিয়ান এক্সে দেওয়া এক পোস্টে এমন তথ্য জানা গেছে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

## ইদুল ফিতর ও নববর্ষের ছুটি শেষে আগামীকাল থেকে খুলবে অফিস-আদালত

পবিত্র ইদুল ফিতর ও টানা পাঁচ দিনের সরকারি ছুটি শেষ। ছুটি শেষে কাল সোমবার খুলবে সরকারি অফিস-আদালত ও ব্যাংক। তবে এবারই প্রথম দীর্ঘ ছয় দিনের ছুটি পেয়েছেন সংবাদ মাধ্যমের কর্মীরা। ইদ ও নববর্ষের ছুটি শেষে আগের নিয়মে ফিরবে সরকারি অফিস-আদালত ও ব্যাংক। রমজান মাসে সরকারি প্রতিষ্ঠানের অফিসের সময় নির্ধারণ করা হয়েছিল সকাল ৯টা থেকে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত। সোমবার থেকে আগের মতই অফিস চলবে সকাল নয়টা থেকে বিকেল চারটা পর্যন্ত। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৪.০৪.২০২৪ আসাদ)

# জাগো এফএম

## ইরান-ইসরায়েল উত্তেজনা নিরসন ও গাজায় হত্যাযজ্ঞ বন্ধ চায় বাংলাদেশ

পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ যুদ্ধ নয় শান্তির পক্ষে এবং আমরা চাই, ইরান-ইসরায়েল উত্তেজনা নিরসনে যেসব রাষ্ট্রের ভূমিকা রাখার কথা তারা কার্যকর ভূমিকা নেয় এবং গাজায় ইসরায়েলি হত্যাযজ্ঞ বন্ধ হোক। রোববার (১৪ই এপ্রিল) সন্ধ্যায় রাজধানীতে রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। সম্প্রতি দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার জবাবে শনিবার (১৩ই এপ্রিল) রাতে ইসরায়েলি ভূখণ্ড লক্ষ্য করে কয়েকশ ড্রোন ও ক্ষেপণাস্ত্র নিক্ষেপের ঘটনা নিয়ে পররাষ্ট্রমন্ত্রী প্রশ্ন করেন সাংবাদিকরা। পররাষ্ট্রমন্ত্রী বলেন, দামেস্কে ইরানি কনস্যুলেটে ইসরায়েল হামলা করায় আক্রমণের সুযোগ পেয়েছে ইরান। অন্যথায় এটি হতো না, ইরান `রিটালিয়েট' করেছে, ইরানের বক্তব্যও তাই। তিনি বলেন, আমরা আশা করব, যেসব রাষ্ট্রের ভূমিকা রাখার কথা তারা ইরান-ইসরায়েল উত্তেজনা নিরসনে এবং গাজায় হত্যাযজ্ঞ বন্ধে কার্যকর ব্যবস্থা নেবে। আমরা কখনই যুদ্ধের পক্ষে নই, আমরা শান্তির পক্ষে।

সাংবাদিকদের আরেক প্রশ্নে অপহৃত বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ উদ্ধারের বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী বলেন, সরকার ও সংশ্লিষ্টদের সর্বাত্মক তৎপরতায় দ্রুততম সময়ের মধ্যে জিম্মি নাবিক ও জাহাজ নিরাপদে উদ্ধার হয়েছে। জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের দিকে ১০০ নটিক্যাল মাইল এগিয়েছে। ইউরোপীয় ইউনিয়নের একটি জাহাজ এমভি

আব্দুল্লাহর সহযাত্রী হয়েছে। কেএসআরএম গ্রুপকেও ধন্যবাদ দিই, তারাও অত্যন্ত সক্রিয় ছিল। এ সময় দক্ষিণ সীমান্তে মিয়ানমারের আরও ৯ বিজিপি সদস্যের দেশে প্রবেশ নিয়ে মন্ত্রী বলেন, আগের ১৮০ জনসহ সবাইকে ফেরত পাঠানো নিয়ে কাজ চলছে, মিয়ানমার নৌপথের কথা বলেছে। রোববার বিকেলে রাজধানীর রাষ্ট্রীয় অতিথি ভবন পদ্মায় মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করেন পাঁচদিনের বাংলাদেশ সফরে আসা অ্যান্টিগা ও বার্বুডার পররাষ্ট্রমন্ত্রী ই পি শেত গ্রিন।

বৈঠক বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের জানান, দ্বিপাক্ষিক সম্পর্কোন্নয়ন ও বহুপাক্ষিক সহযোগিতার নানা দিক নিয়ে আলোচনা হয়েছে। তাদের পর্যটন খাত অত্যন্ত উন্নত। আমাদের পর্যটন বিভাগের সঙ্গে `টেকনিকাল কো-অপারেশনের, মাধ্যমে এ খাতে প্রযুক্তি ও প্রশিক্ষণ সহযোগিতার সম্ভাবনার কথা হয়েছে। হাছান বলেন, বাংলাদেশের ফার্মাসিউটিক্যাল পণ্য যুক্তরাষ্ট্র-কানাডা-ইউরোপীয় ইউনিয়নসহ বিশ্বের ১৪০টি দেশে রপ্তানি হয়। তাদেরও তা আমদানির প্রস্তাব দেওয়া হয়েছে। পাশাপাশি তৈরি পোশাক, সিরামিক, চামড়াজাত পণ্য এ দেশ থেকে আমদানির কথা আলোচনা করেছি।

অ্যান্টিগা ও বার্বুডার পররাষ্ট্রমন্ত্রীর সাংবাদিকদের কাছে তাদের দেশের বিশ্বখ্যাত ক্রিকেটার ভিভিয়ান রিচার্ডসের বাংলাদেশ সফরের সম্ভাবনার কথা জানান। মন্ত্রী গ্রিনের সঙ্গে দেশি শিল্পগ্রুপ পিএইচপি ফ্যামিলির ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ জহিরুল ইসলাম এবং অ্যান্টিগা ও বার্বুডার কর্মকর্তা, ব্যবসায়ী নেতা এবং দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উত্তর আমেরিকা উইংয়ের মহাপরিচালক খন্দকার মাসুদুল আলম, মন্ত্রীর দপ্তরের জনসংযোগ কর্মকর্তা মীর আকরাম উদ্দীন আহম্মদসহ পদস্থ কর্মকর্তারা বৈঠকে যোগ দেন। অ্যান্টিগা ও বার্বুডার পররাষ্ট্রমন্ত্রী বৃহস্পতিবার ঢাকা ত্যাগের আগে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ও এফবিসিসিআই প্রতিনিধিদের সঙ্গে বৈঠকের পাশাপাশি ঢাকা ও চট্টগ্রামে বিভিন্ন শিল্প স্থাপনা পরিদর্শন করার কথা রয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## আওয়ামী লীগ দেউলিয়া হয়ে গেছে: মির্জা ফখরুল

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ৬০ লাখ নেতাকর্মীকে আসামি করা হয়েছে। অপরাধ, তারা বিরোধী দল করে। একটা পরিবর্তন চাই, সুষ্ঠু নির্বাচন চাই। আওয়ামী লীগ আর রাজনৈতিক দল নাই। এটা দেউলিয়া হয়ে গেছে। তাদের কোনো শক্তি নাই। তারা রাষ্ট্রযন্ত্র দিয়ে দল চালায়। রোববার (১৪ এপ্রিল) বিকেলে ঠাকুরগাঁও জেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা প্রয়াত তৈমুর রহমানের স্মরণসভায় তিনি এসব কথা বলেন।

মির্জা ফখরুল বলেন, যে দেশে কোনো জবাবদিহি থাকে না সে দেশে গণতন্ত্রকে প্রতিষ্ঠা করা যায় না। মানুষের অধিকার আদায় করা যায় না। আওয়ামী লীগ নিজেরা একটা নির্বাচন করে তামাশা করেছে। বিশ্বের বিভিন্ন দেশ বলেছে বাংলাদেশের নির্বাচন ভালো হয়নি। একটা ভুয়া নির্বাচন করে জনগণের অধিকার কেড়ে নিয়েছে। তিনি বলেন, ২০১৪ সাল থেকে মানুষ মুখ ফিরিয়ে নিলেও তারাই জয়ী হয়। মেগা প্রজেক্টের নামে মেগা দুর্নীতি বন্ধ না করলে একদিন ধ্বংস হয়ে যাবে এ দেশ। দেশ অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। আমদানি-রপ্তানি কমে গেছে। দেশের ব্যাংকগুলো সরকার শেষ করে দিয়েছে। প্রতিটি নিয়োগ পরীক্ষায় টাকা চুরি করছে। শিক্ষক থেকে শুরু করে পিয়ন পর্যন্ত প্রতিটি নিয়োগে বাণিজ্য করছে এ সরকার ও দলের লোকেরা। বিএনপি মহাসচিব বলেন, দেশে কোনো স্বাধীনতা নেই। দেশের মানুষ আজ দেশের ভেতরেই পরাধীনভাবে জীবনযাপন করছে। বিরোধী দল করলেই বা বিরোধী মতের হলেই আজ সাধারণ মানুষকেও এ দেউলিয়া সরকার আসামি বানিয়ে দেয়। এসময় জেলা বিএনপির সাধারণ সম্পাদক মির্জা ফয়সাল আমীন, জেলা মহিলাদলের সভানেত্রী ফোরাতুন নাহার প্যারিস, সদর উপজেলা বিএনপির সভাপতি আব্দুল হামিদ, জেলা যুবদলের সভাপতি আবু নুর চৌধুরী, রুহিয়া থানা বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল জব্বারসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## আবুধাবিতে গিয়ে ২৩ নাবিকের মধ্যে কারা দেশে ফিরবেন সিদ্ধান্ত

সোমালিয়ান দস্যুদের হাতে জিম্মিদশা থেকে মুক্ত ২৩ নাবিকই এমভি আবদুল্লাহর সঙ্গে সংযুক্ত আরব আমিরাতের পথে রয়েছেন। আগামী ১৯ কিংবা ২০ই এপ্রিল জাহাজটি আমিরাতের আল হারমিয়া বন্দরে পৌঁছানোর কথা রয়েছে। এরপরই জানা যাবে মুক্ত নাবিকদের মধ্যে কারা কারা জাহাজে থাকবেন এবং কারা আবুধাবি থেকে দেশে ফেরত আসবেন। বিষয়টি নিশ্চিত করে কেএসআরএম গ্রুপের মিডিয়া উপদেষ্টা মিজানুল ইসলাম জাগো নিউজকে বলেন, `আবুধাবির আল হারমিয়া বন্দরে পৌঁছানোর পর সিদ্ধান্ত হবে, মুক্ত নাবিকদের মধ্যে কারা জাহাজে থাকতে চান, কারা চান না। যারা আবুধাবি থেকে দেশে ফিরতে চাইবেন তাদের যাবতীয় প্রক্রিয়া অনুসরণ করে দেশের আনা হবে।, গত ১২ই মার্চ সোমালিয়ান জলদস্যুদের হাতে জিম্মি হওয়ার পর ৩১ দিন পর জাহাজের মালিকপক্ষ, বিমা কোম্পানি ও আন্তর্জাতিক মধ্যস্থতাকারীদের সহযোগিতায় মুক্তিপণের অর্থ পরিশোধ করেই ২৩ নাবিকসহ জাহাজটি মুক্ত করা হয়। এরপরই এমভি আবদুল্লাহ আবুধাবির আল হারমিয়া বন্দরের উদ্দেশ্যে রওনা দেয়। ইউরোপীয় ইউনিয়নের দুটি যুদ্ধজাহাজ এমভি আবদুল্লাহকে স্কট (পাহারা) দিয়ে নিয়ে যায়। তবে জাহাজের মালিকপক্ষ মুক্তিপণ দেওয়ার বিষয়ে কোনো কথা বলেননি। এ বিষয়ে মিজানুল ইসলাম বলেন, `আন্তর্জাতিক যাবতীয় নিয়ম অনুসরণ করেই ২৩ নাবিকসহ

জাহাজটি মুক্ত করা হয়েছে। গতরাতেই জাহাজ থেকে দস্যুরা নেমে গেছেন। জাহাজটি আবুধাবির উদ্দেশ্যে রওয়ানা হয়েছে। মুক্তিপণের বিষয়টি আমাদের পর্যায়ে নেই।,

এদিকে এমভি আবদুল্লাহ মুক্ত হওয়ার পর রোববার (১৪ই এপ্রিল) দুপুরে চট্টগ্রামের আগ্রাবাদে অবস্থিত কেএসআরএম ভবনে সংবাদ সম্মেলনে করে জাহাজের মালিকপক্ষ। এসময় প্রতিষ্ঠানটির উপ-ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) শাহরিয়ার জাহান রাহাত সাংবাদিকদের বলেন, গত ১২ই মার্চ এমভি আবদুল্লাহ দস্যুদের কবলে পড়ে। দস্যুরা অস্ত্রের মুখে জাহাজটি জিম্মি করে সোমালিয়ান উপকূলে নিয়ে যায়। ৩১ দিন পর ফাইনালি জাহাজটি ছেড়ে যায় তারা। তিনি বলেন, `জাহান মণি, জাহাজ জলদস্যুর কবলে পড়ার ১৪ বছর পর একই ঘটনা ঘটলো। ঘটনাটি দুর্ভাগ্যজনক। সাধারণত সোমালিয়ান জলদস্যুরা জাহাজ জিম্মি করে অর্থ আদায়ের জন্য। তারা জাহাজের মালিকপক্ষকে টার্গেট করে বেশি স্বার্থ হাসিল করতে চায়। তারা (দস্যুরা) জিম্মির ৯ দিনের মাথায় আমাদের সঙ্গে যোগাযোগ শুরু করে। আমরা তৃতীয়পক্ষের মাধ্যমে জাহাজ ও নাবিকদের উদ্ধারে আলোচনা শুরু করি। আমাদের জাহাজ হাইরিস্ক এরিয়ার বাইরে ছিল। যে কারণে আমরা আর্ম গার্ড ব্যবহার করিনি।

জাহাজটিকে ২৩ নাবিকসহ দস্যুমুক্ত করার বিষয়ে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান শাহরিয়ার জাহান। তিনি বলেন, পুরো ঘটনা প্রধানমন্ত্রী শেখ হাসিনা কঠোরভাবে মনিটরিং করেছেন। এজন্য তাকে ধন্যবাদ জানাতে চাই। এমভি আবদুল্লাহকে উদ্ধারে বিদেশি যুদ্ধজাহাজ অভিযান চালাতে চেয়েছিলেন। কিন্তু আমরা বিষয়টি আলোচনার মাধ্যমে সমাধান করতে চেয়েছি। আমাদের কাছে নাবিকদের জীবনের মূল্য অনেক বেশি। যে কারণে আমরা অভিযানে সম্মত ছিলাম না। আমাদের সরকার কুইক রেসপন্স করেছে। পুরো ঘটনায় সাংবাদিকরা সহযোগিতা করেছে। আশা করছি, ১৯-২০ এপ্রিল জাহাজটি আমিরাত পৌঁছাবে। এরপর নাবিকদের দেশে ফিরিয়ে আনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। কেএসআরএমের মালিকানাধীন এসআর শিপিংয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) মেহেরুল করিম বলেন, জাহান মণির সময় আমাদের জ্ঞানের অভাব ছিল। তখন উদ্ধারে সময় বেশি লেগেছিল। এবার জাহাজ দস্যুদের কবলে পড়ার পর থেকেই আমরা জাহাজের লোকেশন ট্র্যাক করতে থাকি। যোগাযোগ শুরুর পর প্রতিদিনই দস্যুদের সঙ্গে কথা হচ্ছিল। গত দুদিন আগে আমাদের দাবি অনুযায়ী প্রত্যেক নাবিকের ভিডিও নিয়েছি। মুক্তিপণের প্রতিটি কাজ আইনগতভাবে করা হয়েছে। আন্তর্জাতিক নিয়ম মেনে করা হয়েছে। কত ডলার সে বিষয়টি আমরা নানা কারণে বলতে পারছি না। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, সোমালিয়া, কেনিয়ার নিয়ম মানতে হয়েছে। এছাড়া সংবাদ সম্মেলনে কেএসআরএমের ডিএমডি সরোয়ার জাহান, পরিচালক করিম উদ্দিন উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## নিরাপদে সরে যেতে কয়েকজন নাবিককে সঙ্গে নিতে চেয়েছিল জলদস্যুরা

শেষ মুহূর্তে নিরাপদে সরে পড়তে সোমালিয়ার জলদস্যুরা বাংলাদেশি জাহাজের কয়েকজন ক্রুকে ঢাল হিসেবে ব্যবহার করতে চেয়েছিলেন বলে জানিয়েছেন নৌ-পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী। রোববার (১৪ই এপ্রিল) রাজধানীর মিন্টু রোডে নিজ বাসভবনে সাংবাদিকদের এ কথা জানান প্রতিমন্ত্রী। সোমালিয়ার জলদস্যুদের হাত থেকে ৩২ দিন পর মুক্তি পেয়েছে বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ ও এর ২৩ নাবিক। গত ১২ মার্চ বাংলাদেশ সময় দুপুর ১টার দিকে ভারত মহাসাগরে সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়ে বাংলাদেশি জাহাজ ও নাবিকরা। প্রতিমন্ত্রী বলেন, `কালকে (শনিবার) শেষ মুহূর্তের একটা বিষয় বলি। যখন জলদস্যুরা জাহাজ থেকে নেমে যাচ্ছিল, তাদের নিরাপত্তার জন্য আমাদের কয়েকজন নাবিককে সঙ্গে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিল। সেই সময় আমাদের ডিপার্টমেন্ট অব শিপিং ইউরোপিয়ান নেভাল ফোর্সের সঙ্গে কথা বলে। কারণ তারা দুই নটিক্যাল মাইলের মধ্যে তাদের (জলদস্যু) ঘিরে ফেলা হয়েছিল।, তিনি বলেন, `ওরা (জলদস্যু) আশঙ্কা করছিল যে কোনো মুহূর্তে একটা অপারেশন হবে। এ জায়গাটা আমরা খুব শক্তভাবে হ্যান্ডেল করেছি। ওরা খুব চেষ্টা করেছিল ৫-৬ জন ক্রুকে সঙ্গে নিয়ে যাবে, নিরাপদভাবে বেরিয়ে যাওয়ার জন্য। আমরা সেটা শক্তভাবে হ্যান্ডেল করে ক্রুদের সঙ্গে যেতে না পারে সেই নেগোসিয়েশনটা করেছি।, `এটা শেষ মুহূর্তের একটা বিপজ্জনক ব্যাপার ছিল। কারণ জলদস্যুরা কিন্তু একটা জালের মধ্যে আটকে গিয়েছিল। আমাদের ক্রুদের ঢাল হিসেবে ব্যবহারের চেষ্টা করেছিল।,

খালিদ মাহমুদ চৌধুরী বলেন, `গতকাল বাংলাদেশ সময় রাত আড়াইটার দিকে এ ঘটনায় আমরা খুব আতঙ্কিত হয়ে গিয়েছিলাম। শেষ মুহূর্তে আমাদের একটা শক্ত ভূমিকা নেওয়ার কারণে ক্রুদের নিরাপত্তা নিশ্চিত করতে পেরেছি।, জিম্মিদশা থেকে মুক্ত হওয়ার পর জাহাজের ক্রুরা কীভাবে দেশে ফিরবেন- জানতে চাইলে প্রতিমন্ত্রীর বাসভবনেই কমডোর মোহাম্মদ মাকসুদ আলম সাংবাদিকদের বলেন, `জাহাজটি এখন সংযুক্ত আরব আমিরাত যাবে। আরব আমিরাত যেতে জাহাজটির ছয় থেকে সাড়ে ছয় দিন লাগবে। কারণ জাহাজে কয়লা রয়েছে। সেটি সেখানে ডিসচার্জ করতে হবে। এখন এটি হচ্ছে অগ্রাধিকার।, তিনি বলেন, `জাহাজের কর্তৃপক্ষের সঙ্গে নাবিকদের চুক্তির একটা বিষয় থাকে। সাইন অন করে তারা নির্দিষ্ট সময়ের জন্য জাহাজে ওঠেন। তারা সাইন অফ করবে কি না বা সাইন অফ করে পরবর্তী সময়ে জাহাজটাকে কীভাবে ব্যবসার কাজে লাগাবে, সেটি মালিকপক্ষ নির্ধারণ করবেন।, `আমাদের জানালে

আমরা সেই অনুযায়ী তাদের সাইন অফ বা পরবর্তীতে সাইন অন করাব,, বলেন মহাপরিচালক। নাবিকদের দেশে ফেরার বিষয়ে নৌপ্রতিমন্ত্রী বলেন, `এটা একটা সময়সাপেক্ষ ব্যাপার। এটা ফর্মুলেট হতে আরও মনে হয় ১৫-২০ দিন লাগবে। এটা আমার ধারণা।, (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

**বস্তায় ধানের জাত লেখার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রস্তুত নয় মিলাররা**

চালের বাজারে শৃঙ্খলা আনতে রোববার পহেলা বৈশাখ (১৪ই এপ্রিল) থেকে চালের বস্তায় ধানের জাত, দাম, প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ লেখার নির্দেশনা কার্যকরের তারিখ ঘোষণা করেছে সরকার। কিন্তু এ সিদ্ধান্ত বাস্তবায়নে এখনও প্রস্তুত নন চালকল মালিকরা (মিলার)। মিল মালিকদের সঙ্গে আলোচনার পর গত ২১শে ফেব্রুয়ারি সিদ্ধান্ত জানিয়ে পরিপত্র জারি করে খাদ্য মন্ত্রণালয়। মিল মালিকরা জানিয়েছেন, সরকারের নির্দেশনা বাস্তবায়নে তাদের কিছু যন্ত্রপাতি লাগবে। সেটি সংগ্রহ করতে আরও কিছুটা সময় লাগবে। এছাড়া বস্তায় ধানের জাত লেখা নিয়ে জটিলতা রয়েছে। এ বিষয়টিও সরকারকে পরিষ্কার করতে হবে। খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, চালের বস্তায় বিভিন্ন তথ্য সন্নিবেশ করতে মিল মালিকদের সঙ্গে দফায় দফায় বৈঠক হয়েছে। তাদের মধ্যে ব্যাপক প্রচার-প্রচারণাও চালানো হয়েছে। দু-মাস আগে পরিপত্র জারি করা হয়েছে। এরপরও তাদের প্রস্তুত না হওয়ার বিষয়টি দুঃখজনক। সরকারি নির্দেশনা বাস্তবায়নে তদারকির মধ্যমে যথাযথ পদক্ষেপ নেবে বলেও জানিয়েছেন খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তারা।

বাংলাদেশ অটো মেজর অ্যান্ড হাসকিং মিল মালিক সমিতির সভাপতি আব্দুর রশিদ জাগো নিউজকে বলেন, `জেলা থেকে এ বিষয়ে (বস্তায় বিভিন্ন তথ্য দেওয়া) মিলগুলোকে নির্দেশ দিয়েছে। কিন্তু, এটা একটু জটিল বিষয়। বস্তায় উৎপাদনের তারিখ, জাত, দাম। দামের মধ্যে তো পার্থক্য থাকে। কিছু বিষয় আছে ফিক্সড না, প্রতিনিয়ত পরিবর্তন করাও মুশকিল। সরকার যেহেতু আইন করেছে মিল মালিকরা যত তাড়াতাড়ি সম্ভব এ নির্দেশনা বাস্তবায়নের চেষ্টা করবে।, রোববার থেকেই বস্তায় ধানের জাত, দামসহ বিভিন্ন তথ্য দেওয়ার সিদ্ধান্ত কার্যকর ঘোষণা করা হয়েছে- জানতে চাইলে তিনি বলেন, `এখনো নতুন কোনো ধান আসেনি। টুকটাক কাটাকাটি হয়েছে। এখনও উৎপাদন শুরু হয়নি। আমাদের কিছু মেশিনপত্র লাগবে। আমাদের যে ডাইস আছে সেটা পরিবর্তন করতে হবে। কীভাবে পরিবর্তন করতে হবে, সেই বিষয়ে আমাদের ধারণাও দেওয়া হয়েছে। কিন্তু রোজা ও ইদে বন্ধ থাকায় সেটা করতে পারিনি। একটা বিষয় বাস্তবায়ন করতে গেলে সময় লাগবে। কিছুদিনের মধ্যে আমাদের কার্যক্রম শুরু হয়ে যাবে।, ধানের জাত লেখার বিষয়ে কিছু জটিলতা রয়েছে জানিয়ে আব্দুর রশিদ বলেন, `সরকার এখনও ধানের জাতগুলো পুরোপুরি চিহ্নিত করতে পারেনি। মিনিকেটের ধানের চাল তো আবাদ হচ্ছে। এ ধানের বীজ তো কৃষকের কাছে আছে। বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট যে ধান আবাদ করে না, সেগুলোর নাম লেখা যাবে না। কিন্তু কৃষকের কাছে তো এ ধরনের জাত রয়েছে। সেক্ষেত্র ওই জাতের ধানের ক্ষেত্রে আমরা কী লিখব? এ বিষয়ে জটিলতা আছে।, `সরকার আমাদের ধানের জাতের কোনো তালিকা দেয়নি। সেটা দিলে সুবিধা হবে।, বলেন চালকল মালিক সমিতির সভাপতি।

বাদামতলী-বাবুবাজার চাল আড়ত মালিক সমিতির সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন জাগো নিউজকে বলেন, `এখন পর্যন্ত সরকারের নির্দেশনা অনুযায়ী বিভিন্ন তথ্য লেখা কোনো চালের বস্তা আমাদের কাছে আসেনি। আমরা চাল উৎপাদন করি না। আমরা মিলারদের কাছে থেকে চাল আনি। এটা নতুন একটা বিষয়, এটা বাস্তাবায়ন করতে সময় লাগবে বলে মনে হয়।, নির্দেশনা কার্যকর ঘোষণা হলেও মিল মালিকরা এখনও প্রস্তুত নয়- এ বিষয়ে জানতে চাইলে খাদ্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ) মো. হাবিবুর রহমান হোছাইনী জাগো নিউজকে বলেন, `দেশের ৬৪ জেলায় মিল মালিকদের নিয়ে জেলা প্রশাসকরা মিটিং করেছেন। জেলা খাদ্য নিয়ন্ত্রকরা মিটিং করেছেন। মন্ত্রণালয়ের সচিবও মিল মালিকদের সঙ্গে মিটিং করেছেন। তারা এখনও প্রস্তুত হতে পারেনি, এটা তো ঠিক হতে পারে না।, তিনি বলেন, `আমরা আশা করছি, এটা হয়ে যাবে। মিল থেকে নতুন কোনো চালের বস্তা বের হলে সেখানে নতুন নির্দেশনা বাস্তবায়ন হবে। এটা নিয়ে যতটা গণসংযোগ যা করা দরকার সবাই আমরা করেছি। মিল মালিকরা নির্দেশনা মানছেন কিনা- সেটাও আমরা মনিটর করবো।,

এর আগে গত ২১শে ফেব্রুয়ারি চালের বস্তায় ধানের জাত, প্রস্তুতকারক প্রতিষ্ঠানের নাম, জেলা ও উপজেলার নাম, নিট ওজন, উৎপাদনের তারিখ ও মিলগেট মূল্য লেখার নির্দেশনা দিয়ে পরিপত্র জারি করে খাদ্য মন্ত্রণালয়। ১৪ই এপ্রিল থেকে এই নির্দেশনা কার্যকর হবে বলেও সেখানে উল্লেখ করা হয়। পরিপত্রের অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়ের সচিব, অর্থ বিভাগের সচিব, সকল বিভাগীয় কমিশনার, সকল জেলা প্রশাসক, সকল জেলা খাদ্য নিয়ন্ত্রক, সকল উপজেলা খাদ্য নিয়ন্ত্রক-সহ সংশ্লিষ্টদের পাঠানোও হয়। খাদ্য মন্ত্রণালয়ের সচিব মো. ইসমাইল হোসেন-এর সই করা ওই পরিপত্রে বলা হয়, সম্প্রতি দেশের চাল উৎপাদকারী কয়েকটি জেলা পরিদর্শন করে নিশ্চিত হওয়া গেছে বাজারে একই জাতের ধান থেকে উৎপাদিত চাল ভিন্ন ভিন্ন নামে ও দামে বিক্রি হচ্ছে। চালের দাম অযৌক্তিক পর্যায়ে গেলে বা হঠাৎ বৃদ্ধি পেলে মিলার, পাইকারি বিক্রেতা, খুচরা বিক্রেতা একে অপরকে দোষারোপ করছেন। এতে ভোক্তারা ন্যায্যমূল্যে পছন্দমতো জাতের ধান, চাল

কিনতে অসুবিধার সম্মুখীন হচ্ছেন এবং অনেক ক্ষেত্রে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন। এ অবস্থার উত্তরণের লক্ষ্যে চালের বাজার মূল্য সহনশীল ও যৌক্তিক পর্যায়ে রাখতে ধানের নামেই যাতে চাল বাজারজাতকরণ করা হয় তা নিশ্চিত করার উদ্দেশ্যে এবং এ সংক্রান্ত কার্যক্রম মনিটরিংয়ের সুবিধার্থে বস্তায় এসব তথ্য লেখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে নির্দেশনায় উল্লেখ করা হয়।

এতে আরও বলা হয়, বস্তার ওপর এসব তথ্য কালি দিয়ে লিখতে হবে। চাল উৎপাদকারী মিল মালিকের সরবরাহ করা সকল প্রকার চালের বস্তা ও প্যাকেটে ওজন (৫০/২৫/১০/৫/১) উল্লেখ করবেন। কর্পোরেট প্রতিষ্ঠানের ক্ষেত্রেও একই নির্দেশনা প্রতিপালন করতে হবে। এক্ষেত্রে মিলগেট দামের পাশাপাশি প্রতিষ্ঠান চাইলে সর্বোচ্চ খুচরা মূল্য উল্লেখ করতে পারবে। এই পরিপত্রের আলোকে সকল জেলা প্রশাসক, উপজেলা নির্বাহী অফিসার, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, খাদ্য পরিদর্শকরা পরিদর্শনকালে এ বিষয়টি নিশ্চিত করবেন। এর ব্যত্যয় ঘটলে `খাদ্যদ্রব্য উৎপাদন, মজুত, স্থানান্তর, পরিবহন, সবরাহ, বিতরণ, বিপণন (ক্ষতিকর কার্যক্রম প্রতিরোধ) আইন, ২০২৩ এর ৬ ও ৭ ধারা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন বলেও জানানো হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## পহেলা বৈশাখে ডিএমপির ব্যতিক্রমী সেবা

পহেলা বৈশাখে রমনা পার্কে বৈশাখী উৎসবে মেতেছে নগরবাসী। গ্রীষ্মের খরতাপ মাথায় নিয়ে রাজধানীর বিভিন্ন প্রান্ত থেকে এসে লাখো বাঙালি মিলিত হয়েছেন রমনা পার্কে। ঢাকা মেট্রোপলিটন পুলিশের সার্বিক নিরাপত্তায় পহেলা বৈশাখের অনুষ্ঠানে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করেছেন নগরবাসী। তার মধ্য থেকে বাদ পড়েনি নারী, শিশু ও বয়োজ্যেষ্ঠরাও। সংস্কৃতিমনস্ক ডিএমপি কমিশনার হাবিবুর রহমান মানুষের সেবায় সব সময় ব্যতিক্রমী উদ্যোগ নিয়েছেন। তার নির্দেশনায় এবার নববর্ষের অনুষ্ঠানে আগত মানুষের জন্য আরও কিছু উদ্যোগ নেওয়া হয়েছে। বর্ষবরণ উপলক্ষ্যে রমনা ও সোহরাওয়ার্দী উদ্যানে আসা নারী, শিশু, বয়োজ্যেষ্ঠদের জন্য ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) পক্ষ থেকে বিনামূল্যে বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করা হচ্ছে।

অনুষ্ঠানস্থলে ডিএমপির পক্ষ থেকে বিশুদ্ধ পানি বিতরণের বুথ বসানো হয়। এসব বুথ থেকে বিতরণ করা হচ্ছে খাবার পানির বোতল। পাশাপাশি রমনা পার্ক, টিএসসি ও সোহরাওয়ার্দী উদ্যান এলাকাতে বর্ষবরণ অনুষ্ঠানে আসা দর্শনার্থীদের জন্য বিভিন্ন স্থানে ট্রলির মাধ্যমে সুপেয় পানির ব্যবস্থা করা হয়েছে। যাতে তৃষ্ণার্ত মানুষ সহজেই তাদের হাতের কাছে পানি পায় এবং প্রচণ্ড গরমে তাদের তৃষ্ণা নিবারণ করতে পারে। বাংলা নববর্ষ উপলক্ষ্যে রাজধানীর রমনা পার্কে রক্তদান কর্মসূচির আয়োজন করছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। রোববার সকাল থেকে রমনা পার্কে পুলিশ কন্ট্রোলরুমের পাশে এ রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। এর পাশেই রয়েছে ডিএমপির প্রাথমিক চিকিৎসা কেন্দ্র। সেখানে সার্বক্ষণিক দায়িত্বরত রয়েছেন চিকিৎসক ও নার্স। কোনো দর্শনার্থী যদি হঠাৎ অসুস্থ হয়ে পড়েন তাহলে ডিএমপির এ প্রাথমিক চিকিৎসা কেন্দ্রে তাকে বিনামূল্যে সেবা দেওয়া হয়। পুলিশ কন্ট্রোলরুমের এক পাশে বর্ষবরণ অনুষ্ঠানে আগত বিশিষ্টজনদের আপ্যায়নের ব্যবস্থাও করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ। আজকে সুন্দর ও শান্তিপূর্ণ পরিবেশে বৈশাখী উৎসব পালনে কঠোর নিরাপত্তা ব্যবস্থা ও বিভিন্ন সেবা দিয়ে ডিএমপি অভূতপূর্ব দৃষ্টান্ত স্থাপন করেছে বলে জানান আগত দর্শনার্থীরা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## মুক্তি পেয়েই বাবা-মায়ের সঙ্গে কথা বলেছেন তৌফিক

সোমালিয়ায় জলদস্যুদের হাত থেকে মুক্তি পেয়ে বাবা-মায়ের সঙ্গে কথা বলেছেন কয়লাবাহী জাহাজ এমভি আব্দুল্লাহ,র সেকেন্ড ইঞ্জিনিয়ার মো. তৌফিকুল ইসলাম। রোববার (১৪ই এপ্রিল) ভোর ৪টার দিকে জলদস্যুরা জাহাজ থেকে নেমে যাওয়ার পর তিনি পরিবারের সদস্যদের সঙ্গে যোগাযোগ করেন। ইঞ্জিনিয়ার মো. তৌফিকুলের বাবা মো. ইকবাল জানান, ভোরে তৌফিক আমাদের সঙ্গে যোগাযোগ করেছে। তারা সবাই ভালো আছে। সোমালিয়া থেকে দুবাই যাবে বলেছে আমাদের। তিনি আরও বলেন, অনেক উৎকণ্ঠায় ছিলাম ছেলেকে নিয়ে। মোবাইলে সে পরিবারের সবার সঙ্গে কথা বলেছেন। মো. তৌফিকুল ইসলাম খুলনার বয়রা করিম নগর এলাকার মো. ইকবালের তৃতীয় সন্তান। এক ছেলে ও এক মেয়ের বাবা তিনি। গত ১২ই মার্চ সোমালিয়ার জলদস্যুর মুক্তিপণের দাবিতে জিম্মি করে বাংলাদেশের কয়লাবাহী জাহাজ এমডি আব্দুল্লাহ ও তার ২৩ নাবিককে। ৩২ দিন পর সোমালিয়ার সময় শনিবার (১৩ই এপ্রিল) দিবাগত রাত ১২টা ৮ মিনিটে (বাংলাদেশ সময় ৩টা ৮ মিনিট) জাহাজটি থেকে দস্যুরা নেমে যায়। জাহাজটিতে থাকা ২৩ নাবিকই সুস্থ রয়েছেন। এরপর জাহাজটি সংযুক্ত আরব আমিরাতের আল হারমিয়া বন্দরের উদ্দেশ্যে রওনা হয়। এ সময় এমভি আবদুল্লাহর দুই পাশে দুটি যুদ্ধজাহাজ পাহারা দিয়ে সোমালিয়া উপকূল ত্যাগ করতে থাকে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## নদীতে গোসলে গিয়ে দুই শিশুর মৃত্যু

ঠাকুরগাঁওয়ের রাণীশংকৈলে নদীতে ডুবে দুই শিশুর মৃত্যু হয়েছে। রোববার (১৪ই এপ্রিল) দুপুরে উপজেলার লেহেম্বা ইউনিয়নের খঞ্জনা গ্রামের কুলিক নদীতে মর্মান্তিক এ দুর্ঘটনা ঘটে। শিশুরা হলো, খঞ্জনা এলাকার ইব্রাহিমের মেয়ে

ইয়াসমিন আক্তার (১০) ও দিনাজপুর সদরের রেল স্টেশন পাড়া এলাকার ইউসুফ আলীর মেয়ে মুসলিমা খাতুন (৮)। পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, দুপুরে বাড়ির পাশের কুলিক নদীতে গোসল করতে যায় ইয়াসমিনের বাবা ইব্রাহিম। এ সময় ইয়াসমিন ও মুসলিমা নদীতে যায়। ইব্রাহিম গোসল শেষে বাড়ি ফিরলেও নদীতে থেকে যায় ওই দুই শিশু। কোনো এক সময় তারা পানিতে তলিয়ে যায়। এদিকে দীর্ঘক্ষণ তাদের না পেয়ে খোঁজাখুঁজি শুরু করে পরিবারের সদস্যরা। পরে নদী থেকে তাদের উদ্ধার করে রাণীশংকৈল স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। রাণীশংকৈল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহেল রানা জানান, পানিতে ডুবে দুই শিশু মৃত্যুর খবর পেয়েছি। মুসলিমা ঈদে নানার বাড়িতে বেড়াতে এসেছিল। পরে প্রতিবেশী আরেক শিশু ইয়াসমিনের সঙ্গে নদীতে গোসল করতে গিয়ে পানিতে ডুবে দুজনের মৃত্যু হয়। (জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## ৫০ লাখ ডলার মুক্তিপণ দিয়ে মুক্ত বাংলাদেশি জাহাজঃ রয়টার্স

বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ এবং এর ২৩ নাবিককে অবশেষে মুক্তি দিয়েছে সোমালিয়ার জলদস্যুরা। তবে এর জন্য তাদের ৫০ লাখ মার্কিন ডলার মুক্তিপণ দিতে হয়েছে। বাংলাদেশি মুদ্রায় এর পরিমাণ প্রায় ৫৪ কোটি ৭৪ লাখ টাকা। দুই দস্যুর বরাতে রোববার (১৪ই এপ্রিল) এ তথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স। আবদিরাশিদ ইউসুফ নামে এক জলদস্যু বলেছেন, দুই রাত আগে টাকাগুলো আমাদের কাছে আনা হয়... সেগুলো জাল কি না তা আমরা পরীক্ষা করে দেখি। এরপর আমরা টাকাগুলো দলের মধ্যে ভাগ করে সরকারি বাহিনীকে এড়িয়ে চলে যাই। ওই দস্যু জানান, সব নাবিকসহ বাংলাদেশি জাহাজটিকে মুক্তি দেওয়া হয়েছে। এ ঘটনায় মন্তব্যের আহ্বানে সাড়া দেয়নি সোমালি সরকার। স্থানীয় সংবাদমাধ্যম পান্টল্যান্ড পোস্ট বলেছে, ২০১২ সালের পর এই প্রথম মুক্তিপণ পেলো সোমালি জলদস্যুরা। তবে এ তথ্য স্বাধীনভাবে যাচাই করা সম্ভব হয়নি।

অন্যদিকে, স্থানীয় আরেকটি সংবাদমাধ্যম গারো অনলাইন জানিয়েছে, উত্তর-পূর্ব সোমালিয়ার পান্টল্যান্ড রাজ্যের পূর্ব উপকূল থেকে অন্তত আট জলদস্যুকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাই হওয়া বাংলাদেশি জাহাজ ছেড়ে দেওয়ার কিছুক্ষণ পরেই তাদের গ্রেফতার করা হয়। পান্টল্যান্ড পুলিশ ফোর্সের একজন উচ্চপদস্থ কর্মকর্তা অনলাইনকে জানিয়েছেন, তারা বাংলাদেশের পতাকাবাহী জাহাজ এমভি আবদুল্লাহকে আটকে রাখা জলদস্যু দলের আট সদস্যকে গ্রেফতার করেছেন। গত মার্চে মোজাম্বিক থেকে সংযুক্ত আরব আমিরাত যাওয়ার পথে ছিনতাইয়ের শিকার হয় বাংলাদেশি জাহাজ এমভি আব্দুল্লাহ। জিম্মি করা হয় এর ২৩ নাবিককেও। সোমালিয়ার রাজধানী মোগাদিসু থেকে প্রায় ৬০০ নটিক্যাল মাইল পূর্বে ঘটে এই ছিনতাইয়ের ঘটনা। এরপর ভারত এবং ইউরোপীয় ইউনিয়নের যুদ্ধজাহাজ বাংলাদেশি জাহাজটির পিছু নিলেও সেটি দস্যুদের কবল থেকে উদ্ধার করা সম্ভব হয়নি।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

## পঞ্চম গণবিজ্ঞপ্তিতে আবেদন শুরু বুধবার, ফি ১০০০ টাকা

বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগে পঞ্চম গণবিজ্ঞপ্তি গত ৩১ মার্চ প্রকাশ করেছে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। বিজ্ঞপ্তির তথ্যানুযায়ী, এবার মোট ৯৬ হাজার ৭৩৬টি শূন্যপদে শিক্ষক নিয়োগ দেওয়া হবে। এর মধ্যে স্কুল ও কলেজে ৪৩ হাজার ২৮৬ এবং মাদরাসা, ব্যবসায় ব্যবস্থাপনা ও কারিগরি প্রতিষ্ঠানে ৫৩ হাজার ৪৫০টি পদ রয়েছে। বুধবার (১৭ এপ্রিল) থেকে পঞ্চম গণবিজ্ঞপ্তিতে আবেদন শুরু হবে। ৯ মে রাত ১২টা পর্যন্ত আবেদন এবং ১০ মে রাত ১২টা পর্যন্ত ফি পরিশোধ করা যাবে। এনটিআরসিএ সদস্য (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান) মুহম্মদ নূরে আলম সিদ্দিকী সই করা এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, ৯৬ হাজার ৭৩৬টি শূন্যপদের পদভিত্তিক তালিকা এনটিআরসিএর ওয়েবসাইট এবং টেলিটক বাংলাদেশ লিমিটেডের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। ১৭ এপ্রিল দুপুর ১২টা থেকে আবেদন শুরু হবে। আবেদনকারী প্রার্থীর বয়স ২০২৪ সালের ১ জানুয়ারি তারিখে ৩৫ বছর বা তার চেয়ে কম হতে হবে। চলতি বছরের ১ জানুয়ারি যাদের বয়স ৩৫ বছরের বেশি হয়েছে, তারা কোনোভাবেই আবেদন করার সুযোগ পাবেন না। এছাড়া গণবিজ্ঞপ্তির শূন্যপদে আবেদন করতে সংশ্লিষ্ট বিষয়, পদ ও প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী এনটিআরসিএর নিবন্ধন সনদধারী হতে হবে। আবেদনের জন্য সবস্তরের প্রার্থীকে এক হাজার টাকা ফি পরিশোধ করতে হবে। নির্ধারিত ফি পরিশোধ না করলে আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

কোনো প্রার্থীর যদি স্কুল ও কলেজ উভয় পর্যায়ের সনদ থাকে এবং তিনি যদি উভয় পর্যায়ের পদে আবেদন করেন। তাহলে প্রথমে তাকে কলেজ পর্যায়ে বিবেচনা করা হবে। কলেজ পর্যায়ে নির্বাচিত না হলে স্কুল পর্যায়ে বিবেচনা করা হবে। এমপিওভুক্ত প্রার্থীর একপর্যায়ের (স্কুল বা কলেজ) একাধিক নিবন্ধন সনদ থাকলে ওই প্রার্থী একই পর্যায়ে আবেদন করতে পারবেন না। সহকারী শিক্ষক (ধর্ম ও নৈতিক শিক্ষা) পদে চাকরিপ্রত্যাশী আবেদনকারীকে অবশ্যই সেই ধর্মের অনুসারী হতে হবে। মিথ্যা তথ্য দিয়ে আবেদন করলে নির্বাচন বাতিল করা হবে। আবেদন প্রক্রিয়া, ফি পরিশোধসহ বিস্তারিত নিয়মাবলী গণবিজ্ঞপ্তিতে উল্লেখ রয়েছে। গণবিজ্ঞপ্তির যেকোনো শর্ত এবং প্রকাশিত বিজ্ঞপ্তি এনটিআরসিএ যেকোনো সময় সংযোজন, বিয়োজন ও পরিবর্তন এবং স্থগিত করতে পারবে। একই সঙ্গে মামলা বা

আইনগত অন্য কোনো জটিলতার কারণে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তির কোনো পদে নিয়োগ দেওয়া সম্ভব না হলে এনটিআরসিএ দায়ী থাকবে না বলেও গণবিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৪.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**ISRAEL ON HIGH ALERT AFTER UNPRECEDENTED IRANIAN ATTACK**

Iran has launched hundreds of aerial drones and missiles at Israel, marking a widely anticipated reprisal attack. It is the first such direct clash between the two enemies, who have been engaged in a years-long shadow war, with Iran using proxy forces. The Israeli military said Israel and other countries had intercepted more than 300 cruise missiles and drones, mostly outside Israeli airspace. Israel said very little damage had been done but warned people to remain alert. US President Joe Biden said, "we helped Israel take down nearly all" of missiles and drones as he expressed strong condemnation for the attack.
(BBC Web Page: 14/04/24, FARUK)

**SUNAK CONFIRMS UK JETS SHOT DOWN IRANIAN DRONES**

UK's Prime Minister Rishi Sunak condemns Iran's attack on Israel last night, and confirms UK jets shot down a number of Iranian attack drones. The UK participated in an "international coordinated effort" to intercept the missiles and drones Iran fired, he says. "The RAF sent additional planes to the region," he adds. Sunak says Iran's attack was a "dangerous and unnecessary escalation which I've condemned in strongest terms".
(BBC Web Page: 14/04/24, FARUK)

**RUSSIA CALLS FOR ALL SIDES TO SHOW RESTRAINT**

Russia is calling for all parties to show restraint and expressed concern over further escalation after Iran launched missiles and drones at Israel overnight. "We are counting on the regional states to solve the existing problems with political and diplomatic means", the foreign ministry has said in a statement. Moscow added that it has warned numerous times that the UN Security Council was unable to adequately respond to a strike on an Iranian consulate in Syria, which killed seven officers from the Islamists c Revolutionary Guard Corps, including top commanders. (BBC Web Page: 14/04/24, FARUK)

**ISRAEL AND US WERE WELL PREPARED FOR IRAN'S ATTACK**

Israel, with the help of the United States, was well prepared for Iran's attack. It had been telegraphed in advance. But more importantly both Israel and the United States had sophisticated air defence systems already in place. Israel has had plenty of experience shooting down simultaneous rocket attacks by Hamas from Gaza over many years. The US also been dealing with similar threats in the Red Sea - shooting down drones, cruise missiles and ballistic missiles fired by the Iranian backed Houthis in Yemen. In other words, both Israel and the US already knew they had the military capabilities to successfully intercept Iranian weapons. (BBC Web Page: 14/04/24, FARUK)

**IRAN SUMMONS AMBASSADORS OF UK, FRANCE AND GERMANY**

Iran's foreign ministry has summoned the ambassadors of the United Kingdom, France and Germany to question the Western diplomats over what Tehran describes as their irresponsible stance in regards to the retaliatory strikes on Israel.
(BBC Web Page: 14/04/24, FARUK)

**UKRAINE ARMY CHIEF SAYS RUSSIA MAKING GAINS IN EAST**

The head of Ukraine's military has warned the battlefield situation in the east of the country has significantly worsened in recent days. Fierce battles are ongoing in a several villages in the eastern Donbas region. Gen Oleksandr Syrskyi said Russia was benefitting from warm weather - making terrain more accessible to its tanks - and making tactical gains. It comes as Germany said it will give Ukraine an extra Patriot missile defence system to fend off air attacks. (BBC Web Page: 14/04/24, FARUK)

**IRANIAN SPECIAL FORCES SEIZE ISRAEL-LINKED SHIP**

Iran has seized a commercial ship with links to Israel as it passed through the Strait of Hormuz early on Saturday. The MSC Aries was boarded by Iranian special forces about 50 miles off the coast of the United Arab Emirates, a statement from the vessel's operator MSC said. The Portuguese-flagged ship is linked to Israeli billionaire Eyal Ofer. The incident comes amid heightened expectation of an Iranian attack on Israel after an airstrike destroyed

Iran's consulate in Damascus at the start of April. Israel said on Saturday Iran would bear the consequences for choosing to escalate the situation any further.
(BBC Web Page: 14/04/24, FARUK)

**SEVERAL KILLED AFTER LANDSLIDES HIT INDONESIA'S SULAWESI ISLAND**

At least 15 people have been found dead and two others missing after landslides hit central Indonesia, say the local authorities. At least 17 victims were evacuated from the landslides that hit Tana Toraja, South Sulawesi province on Saturday evening, local disaster agency head Sulaiman Maila said on Sunday. "Two of them survived while 15 others sadly passed away ", Maila told the AFP news agency. "According to reports from residents, there are still two individuals reported missing, presumably buried under the landslide debris," he said, adding that rescue efforts were ongoing. (BBC Web Page: 14/04/24, FARUK)

**JORDAN, LEBANON, IRAQ REOPEN AIRSPACE CLOSED OVER IRAN'S ATTACKS**

Jordan, Iraq and Lebanon have reopened their airspaces after closing them over Iran's unprecedented drone and missile attacks on Israel. Jordan's state TV on Sunday said the country had resumed air traffic operations, citing aviation authorities. The opening of its airspace came more than three hours earlier than scheduled. Lebanon said its airport will resume its activities after the overnight closure, state TV reported. Iraq's aviation authority said security risks had now been overcome. Meanwhile, Israel also reopened its airspace as of 7:30am on Sunday, adding that flight schedules from Tel Aviv were expected to be affected. (BBC Web Page: 14/04/24, FARUK)

**::The End::**